হযরত আবূ আমের আশআরী রা. নবী করীম সা. থেকে বর্ণনা করেন যে, নবী করীম সা. বলেন- উম্মতের উপর সবচে' বেশি যে বিষয়টি নিয়ে আমি শঙ্কিত, সেটি হচ্ছে- তাদের জন্য সম্পদকে অধিকহারে বাড়িয়ে দেয়া হবে। যারফলে একে অপরকে হিংসার চোখে দেখবে, পরস্পরে লড়াইয়ে মেতে উঠবে। কোরআন পাঠ করা তাদের জন্য সহজ হয়ে যাবে। ফলে দ্বীনদার, ফাসেক, পাপিষ্ঠ এবং মুনাফিক সকলেই কোরআন পড়বে। মুনাফিক ও পাপিষ্ঠরা কোরআনের অপব্যাখ্যা ও ফেতনা ছড়িয়ে দেবার উদ্দেশ্যে মুমিনদের সাথে ঝগড়া (বাকবিতন্ডা) করবে। অথচ আল্লাহ পাক ছাড়া এর সঠিক ব্যাখ্যা ও তাফসীর কেউ জানেনা (অর্থাৎ ঐ সকল আয়াত, যেগুলোর জ্ঞান একমাত্র আল্লাহরই জানা) তখন গভীর জ্ঞানের অধিকারীগণ (ঐ সকল আয়াতের ব্যাপারে) বলবে যে, আমরা এগুলোর উপর ঈমান আনলাম। (الأحاديث المثاني ، ج:4ص: 435)

বর্তমান যমানায় উম্মত ধন-সম্পদের ফেতনায় নিমজ্জিত। আরববিশ্ব তো বর্তমানে বিশ্বের ধনি দেশগুলোকে রীতিমতো চ্যালেঞ্জ করে চলেছে। ফলে সেখান থেকে সকল প্রকার ফেতনার জন্ম হচ্ছে। কোরআন পড়া এখন এতই সহজ হয়েছে যে, বর্তমানে বিভিন্ন টিভি-চ্যানেলেও আরবী মূললিপি সহ ইংলিশধাচে আয়াতগুলোকে পেশ করা হচ্ছে। এভাবে যদি কেও আরবীতে না পড়তে পারে, তবে নিচে ইংলিশ লেখা দেখে দেখে সহজেই কোরআনে কারীম পড়তে পারছে। মুনাফিক, ফাসিক, পাপিষ্ঠ সকলকেই আজ কোরআন পড়তে দেখা যায়- বরং অনেককে তো ন্যুনতম জ্ঞান ছাড়াই এতে ব্যাখ্যা-বিশ্লেষণ করতে দেখা যায়। তুরস্ক, মিসর, তিউনিশিয়া এবং সংযুক্ত আরব আমিরাতের পর এখন আমাদের দেশেও ঐ সকল ব্যক্তিবর্গ কোরআনের তাফসীর বা ব্যাখ্যা করতে শুরু করেছে যাদের কাছে আরবী "আলিফ" অক্ষরটির পরিচয়ও পর্যন্ত নেই। তারা হচ্ছে ঐ সকল ব্যক্তি, যারা একদিকে ফিল্ম এবং ড্রামায় কাজ করে উম্মতকে নির্লজ্জতার শিক্ষা দিচ্ছে, আর অপরদিকে আল্লাহর নাযিলকৃত ঐ সকল আয়াত নিয়ে অপব্যাখ্যা প্রচার করছে,

যার জ্ঞান একমাত্র আল্লাহ পাকের কাছেই বিদ্যমান।

সর্বপ্রথম মুসলমানদের খেলাফত তথা শাসনব্যবস্থা ভেঙ্গে যাবে...

عن أبي أمامة الباهلي رضي الله عنه ، عن رسول الله صلى الله عليه وسلم قال: لتنتقضن عرى الإسلام عروة عروة ، فكلما انتقضت عروة تشبث الناس بالتي تليها ، فأولهن نقضا الحكم وآخرهن الصلاة. (شعب الإيمان،ج:4ص:326 ، المعجم الكبير ج:8ص:98 ، موارد الظمآن ج:1ص:87)

অনুবাদ- আবূ উমামা বাহেলী রা. হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- ইসলামের ভিত্তিগুলো অবশ্যই এক এক করে ভেঙ্গে পড়বে। যখনই একটি খুটি ভাঙ্গবে, তখনই লোকেরা পরের খুটিতে ধরে ফেলবে। তন্মধ্যে সর্বপ্রথম যেটি ভাঙ্গা হবে, সেটি হচ্ছে শাসনব্যবস্থা। আর সর্বশেষটি হচ্ছে নামাজ।

অর্থাৎ মানুষেরা সর্বপ্রথম যে বিষয়টিকে ছেড়ে দেবে, সেটি হচ্ছে ইসলামী শাসনব্যবস্থা। অন্য বর্ণনায় সর্বপ্রথম ভেঙ্গে পড়া বিষয়টি হবে "আমানত"। শরীয়তের পরিভাষায় "আমানত" শব্দটি বহুল অর্থবাহক। যেমনটি কোরআনে কারীম বর্ণিত হয়েছে-

إن عرضنا الأمانة على السماوات والأرض والجبال فأبين أن يحملنها

অর্থাৎ "আমি আমানতকে যমিন, আসমান এবং পাহাড়ের কাছে পেশ করেছি, আর তারা দায়িত্বের সঠিক ব্যবহার করতে পারবেনা ভয়ে তা বহন করতে অপরাগতা প্রকাশ করেছে"। প্রখ্যাত মুফাছিছর হযরত কাতাদাহ রা. "আমানত" শব্দের ব্যাখ্যায় الدين والفرائض والحدود এনেছেন। অর্থাৎ মানুষের হক, মৃত ব্যক্তির ত্যাজ্য সম্পদ বন্টনব্যবস্থা এবং আল্লাহর দেয়া পূর্ণ ইসলামী শাসনব্যবস্থাই হচ্ছে "আমানত"এর সারমর্ম। সুতরাং সর্বপ্রথম যে বিষয়টি মুসলমানদের সামাজিক পরিবেশ থেকে হারিয়ে যাবে, সেটি ইসলামী শাসনব্যবস্থা। আর সর্বশেষ যেটি হারাবে, সেটি হচ্ছে নামাজ।

দাজ্জাল আত্মপ্রকাশ অস্বীকার...

عن ابن عباس رضي الله عنه : خطب عمر بن الخطاب رضي الله عنه فقال: إنه سيكون في هذه الأمة قوم يكذبون بالرجم ، ويكذبون بالدجال ، ويكذبون بعذاب القبر ، ويكونون بالشفاعة ، ويكذبون بقوم يخرجون من النار. (فتح الباري،ج:11ص:426)

অনুবাদ- হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রা. হতে বর্ণিত যে, একদা উমর ইবনুল খাত্তাব রা. জনসমক্ষে ভাষন দিচ্ছিলেন। একপর্যায়ে তিনি বলতে লাগলেন- অচিরেই এই উম্মতের মধ্যে একদল লোকের জন্ম হবে, যারা "রজম" (যিনার শাস্তিস্বরূপ পাথর মেরে হত্যা করা)কে অস্বীকার করবে, দাজ্জাল আত্মপ্রকাশকে অস্বীকার করবে, হাশরের ময়দানের সুপারিশকে অস্বীকার করবে এবং এমন লোকদের (অপরাধী মুসলমানদের) ব্যাপারে অস্বীকার করবে, যাদেরকে জাহান্নাম থেকে মুক্তি দিয়ে জান্নাতে নিয়ে যাওয়া হবে।

বর্তমানে পৃথিবীর কোথাও যদি "রজম" বাস্তবায়ন করে ফেলা হয়, তবে সারাবিশ্বের মিডিয়া তার বিরুদ্ধে অপপ্রচার শুরু করে দেয়। "রজম" তো অনেক দূরের কথা; এমনকি যিনার অপরাধের কারণে কোথাও যদি কোন ছেলে বা মেয়েকে গ্রামের মান্যগণ্য ব্যক্তিদের সিদ্ধান্তে বেত্রাঘাত করা হয়, পরের দিন দেখবেন- পত্রিকার প্রথম পৃষ্ঠায় বড় করে ছাপা হয়ে গেছে (সুযোগ পেলে ছবিও সংযোজন করে দেবে) যে, বর্তমান আধুনিক যুগেও ফতোয়াবাজীর আশ্রয় নিয়ে অল্প বয়স্ক ছেলেমেয়েদেরকে এভাবে নির্মমভাবে প্রকাশ্যে

নির্যাতন করা হচ্ছে। মানবাধিকার লঙ্ঘন করা হচ্ছে। গণতান্ত্রিক সরকার বিদ্যমান সত্তেও নারী ও শিশুদেরকে আজও দৈহিক নির্যাতন সহ্য করতে হচ্ছে। ইসলামের বিধানগুলো নিয়ে মিডিয়া আজ এভাবেই খেল-তামাশায় মেতে উঠছে। বিষয়গুলোকে এভাবে তুলে ধরা হচ্ছে যে, পড়ামাত্রই পাঠকবর্গ এটাকে অমানবিক বলে মেনে নিচ্ছে। আসল কথা হচ্ছে আমাদের মধ্যে ইসলামী শিক্ষার অভাব। এই দুর্বলতার সুযোগ নিয়ে বিশ্ব ইহুদী মিডিয়া মুসলমানদেরকে আজ যেদিকেই চাইছে, সেদিকেই গাঁধার ন্যায় টেনে নিয়ে যাচ্ছে।

ইহুদীদের টাকায় লালিত এনজিও গোষ্ঠী তাদের গুরুজনদের ইশারায় প্রতিদিন ইসলামের নিয়ম-কানূনগুলো নিয়ে হাসি-ঠাট্টা করছে। মধ্যযুগীয় পুরাতন ব্যাপার বলে ইসলামের নাম-নিশানাকে বাতাসে উড়িয়ে দেয়ার চেষ্টার করছে।

বর্তমান সময়ে অর্ডিনেন্সের আলোচনা চারিদিকে শুনা যায়। মিডিয়াকে ব্যবহার করে একে এমনভাবে তুলে ধরা হচ্ছে যে, মনে হয় এটি একটি মানুষের তৈরী ব্যবস্থা। এমনিভাবে কতিপয় আরব দার্শনিকদের পক্ষ থেকে রজম ও অন্যান্য ইসলামী কানূনগুলোকে বর্তমান যুগে (নাঊযুবিল্লাহ) অচল এবং (Old Fashioned) পুরাতন ফ্যাশান বলে আখ্যায়িত করা হয়েছে।

পাশাপাশি দাজ্জাল আত্মপ্রকাশ অস্বীকারকারী ব্যক্তিবর্গও বর্তমান যমানায় বিদ্যমান। সামনের আগত দিনগুলিতে এটিকে একটি মতানৈক্যপূর্ণ বিষয় বানিয়ে উম্মতকে পথভ্রষ্ট করার প্রচেষ্টা করা হবে।

আমাদের মধ্যে এমনিতেই ধর্মীয় বিশেষজ্ঞদের প্রচন্ড অভাব। শতে একজন পাওয়া যাবে কিনা সন্দেহ। সুতরাং এহেন ফেতনার যমানায় সকল জ্ঞানবান ও শিক্ষার্থীদেরকে নবী করীম সা.এর ভবিষ্যদ্বাণীগুলোর উপর সুগভীর গবেষণা করে উম্মতকে এসম্পর্কে অবগত করতে হবে। নিজের ও জাতির ঈমান রক্ষার্থে আপনাকেই এগিয়ে আসতে হবে। এখানে যৎসামান্য অলসতার পরিচয় দিলে সামনের পরিস্থিতিতে জাতিকে রক্ষা তো দূরের কথা; নিজের ঈমান রক্ষা করাই কঠিন হয়ে পড়বে। (আল্লাহ তালা আমাদেরকে বুঝার তাওফীক দান করুন...)

উলামাদের ব্যাপকভাবে হত্যা...

حدثنا ابن عفان قال حدثنا أحمد بن ثابت قال حدثنا سعيد قال حدثنا نصر قال حدثنا علي بن معبد قال حدثنا بقية بن الوليد عن الوضين بن عطاء عمن حدثه قال قال رسول الله صلى الله عليه و سلم ليأتين على العلماء زمان يقتلون فيه كما يقتل اللصوص فيا ليت العلماء يومئذ تحامقوا. (رواه أبو عمرو الداني في السنن الواردة في الفتن،ج:3ص:661) ضعيف ، في سنده الوضين بن عطاء وهو خزاعي صدوق سيئ الحفظ (التقريب ، ج:2 ص:331 ، والميزان،ج:4ص:334)

অনুবাদ- রাসূলে কারীম সা. এরশাদ করেন- উলামাদের উপর অবশ্যই এমন সময় আসবে, যখন তাদেরকে চুর-ডাকাতের ন্যায় নির্মমভাবে হত্যা করা হবে। হায়! ঐ সময় যদি উলামাগণ মনের ইচ্ছাতেই বোকা বনে যেত।

হযরত আবূ হুরায়রা রা. হতে বর্ণিত, তিনি বলেন- ঐ সত্তার শপথ, যার হাতে আমার প্রাণ নিহিত- অবশ্যই উলামাদের উপর এমন এক সময় আসবে, যখন মৃত্যু তাদের কাছে লাল স্বর্ণ থেকেও বেশি প্রিয় হয়ে যাবে। তোমাদের মধ্যে কেহ আপন ভাইয়ের কবরের পাশ দিয়ে যাওয়ার সময় বলতে থাকবে- হায়! আমি যদি তার স্থানে (মৃতাবস্থায় কবরে) থাকতাম! (مستدرك حاكم:8581)

হাকিম রহ. বর্ণনাটিকে শায়খাইনের শর্তে সহীহ বলেছেন। ইমাম যাহাবী রহ.ও উনার সাথে একমত পোষন করেছেন।

বর্তমান সময়ে কতইনা নির্মমভাবে ঐ সকল মহামনীষীদেরকে হত্যা করা হচ্ছে, যারা বিশ্বকে জুলুম-অত্যাচার এবং ফেতনা ফ্যাসাদ থেকে মুক্ত করার শিক্ষা দিয়ে থাকেন। যাদের সারাটি জীবনই মানবতার মুক্তির চিন্তার মধ্য দিয়ে অতিবাহিত হয়। আল্লাহর যমিনকে মানবতার চিরশত্রুদের অনিষ্টতা থেকে পবিত্র করাই যাদের একমাত্র মিশন হয়। মনুষ্যত্ব পেরেশান হয়ে রয়েছে, বিবেক-বুদ্ধি লুপ পেয়ে গেছে, জ্ঞানের উচুমিনার সমূহ নিস্তব্ধ হয়ে গেছে যে, তাহলে উম্মাতের এ মহান স্তরের লোকদের সাথে কারো কি শত্রুতা থাকতে পারে...!!?? যাদেরকে বিশ্বময় হক-বাতিল, মঙ্গল-অমঙ্গল, জুলুম-ইনসাফের মাঝে শক্তির পাল্লায় অনেক ভারী মনে হয়। যদি স্তরটির অস্তিত্ব না থাকে, তবে পৃথিবীর প্রেক্ষাপট পরিবর্তন হয়ে যাবে। যমিন-আসমানে শক্তির পাল্লা ভারী হয়ে যাবে। সকল অনিষ্ট শক্তি বিশ্বকে এক মহা অন্ধকারের দিকে ঠেলে দেবে। মানবতা শয়তানের দাসে পরিণত হয়ে যাবে।

উম্মাতের উলামাদেরকে হত্যা করার বিষয়টিকে সকলেই স্বীয় দৃষ্টিভঙ্গিতে যাচাই করে থাকে। হায়..! নবী করীম সা. এর উত্তরাধীকারীগণ যদি বিষয়টিকে হাদিসের আলোকে যাচাই করত। বর্তমান সময়ে যেখানে সমস্ত বাতিলশক্তি হক্বের মুকাবেলায় সর্বশেষ এবং চূড়ান্ত যুদ্ধের ঘোষনা করেছে। ইবলিস বিশ্বজুড়ে প্রকাশ্যে উলঙ্গ নেচেগেয়ে উল্লাস করতে চাইছে। আল্লাহ তা'লার গোলামী থেকে মানুষকে বের করে দাজ্জালী ও ইহুদীদের তৈরী ওয়ার্ল্ড অর্ডার অধিপতিদের গোলামীতে আবদ্ধ করতে চাইছে। তাহলে ইবলিসের ইশারা ও পরামর্শে চালিত ব্যক্তিবর্গ ঐ সকল সত্যের নিশানতুল্য এবং মহাসম্ভাবনাময় ব্যক্তিদেরকে কিভাবে সহ্য করে নেবে..??!! যাদের সামান্য ইশারা এবং কলমের অল্প খুচাতেই দাজ্জালের শক্ত প্রাচীরে কম্পন সৃষ্টি হয়ে যায়। ঐ সকল পবিত্র আত্মার অধিকারী ব্যক্তিবর্গ- যারা সকল অনিষ্ট শক্তির মহাক্ষমতাকে মেনে নিতে অস্বীকৃতি জ্ঞাপন করেছে এবং বর্তমান যুগেও কালেমায়ে লা ইলাহা ইল্লাল্লাহু"এর সেই সারমর্ম বর্ণনা করে যাচ্ছে, যার সূচনা আজ থেকে চৌদ্দশত বৎসর পূর্বে সাফা পর্বতের গোহায় হয়েছিল। তো তাদের বর্তমানে দাজ্জালের সম্মুখ সৈনিক (Advance Force) কি করে শান্তিতে ঘুমাতে পারে..!!??

উলামায়ে হককে হত্যা করার জন্য ইহুদীদের গোপন সংগঠন “ফ্রীমেসন” বহু পূর্বে থেকেই তৎপর রয়েছে। আমাদের একথা বর্ণনা করা উদ্দেশ্য নয় যে, অমুক হত্যাকান্ডটি কে ঘটিয়েছে..! বরং সামনের আগত দিনগুলিতে কথাগুলো আরো স্পষ্ট হয়ে উঠবে যে, ঐ সকল হকপন্থী উলামায়ে কেরাম জীবিত থাকলে "ফ্রীমেসন" তার কার্যকলাপকে অবশ্যই আগে বাড়িয়ে নিতে পারতনা।

মাওলানা আ'জম তারেক শহীদ রহ., মুফতী নেযামুদ্দীন শামযাঈ শহীদ রহ., মুফতী জামীল খান শহীদ রহ., মাওলানা নযীর তিউনিশী শহীদ রহ. এবং মুফতী আতিকুর রহমান শহীদ রহ... এসকল মনীষীদের শাহাদতের ব্যাপারে শপথ করেই বলা যেতে পারে যে, উনারা যে পরিকল্পনা নিয়ে সামনে এগুচ্ছিলেন, তা বিশ্ব ইহুদী শক্তির জন্য অস্বস্তিকর এবং তাদের অস্তিত্বের জন্য বিরাট হুমকি ছিল। সুতরাং এসকল ব্যক্তিদের শাহাদতের ক্ষেত্রে সংগঠনভিত্তিক কোন মতামত পেশ করা উপরন্তু তাদের দ্বীনী খেদমতগুলো খাটো করার শামিল। যাদের মিশন বড় হয়, তাদের শত্রুও বড় ও শক্তিশালী হয়।

মহামারী...

হযরত আনাছ বিন মালিক রা. থেকে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- রোগব্যাধী অবশ্যই ছড়িয়ে পড়বে, এমনকি লোকেরা একে মহামারী বলে মনে করতে থাকবে (দ্রুত ছড়িয়ে পড়ার কারণে)।(مصنف عبد الرزاق،ج:3ص:597)

কোরআনে কারীমে আল্লাহ তা'লা এরশাদ করেন-

ظهر الفساد في البر والبحر بما كسبت أيدي الناس

অর্থাৎ মানুষের অর্জিত গোনাহের ফলে জলে-স্থলে ফ্যাসাদ (বিশৃঙ্খলা) ছড়িয়ে পড়েছে।

হতে পারে যে, মানবতার শত্রুদের পক্ষ থেকে মানুষের উপর এমন সব ভাইরাস (জীবাণু) ছড়িয়ে দেয়া হবে, যা মহামারীর আকার ধারণ করবে। অথবা এখন থেকেই মানুষকে/শিশুদেরকে এমনসব ভ্যাক্সিন বা পোলিও টীকা জোরপূর্বকভাবে খাওয়ানো হবে, যা পরবর্তীতে ঐসকল মরণব্যাধির আকার ধারণ করবে। বর্তমান সময়ে এমন সব মেশিন তৈরী করা হয়েছে, যেগুলির মাধ্যমে মহাশূন্যে বিদ্যমান বিভিন্ন জীবাণুকে একত্রিত করে জৈবাণিক অস্ত্র বানানো সম্ভব। এগুলির মাধ্যমে মানুষের মাঝে দ্রুত রোগ-ব্যাধি ছড়িয়ে দেয়া যেতে পারে।

সুতরাং যদি মুসলিম রাষ্ট্রসমূহকে আন্তর্জাতিক ইহুদী সংস্থাসমূহের পক্ষ থেকে কোন সাহায্য হস্তান্তর করা হয়, তবে প্রথমে একে নিজেদের গবেষণাগারগুলোতে পরীক্ষা-নিরীক্ষা করে তারপরই জনগণ পর্যন্ত পৌছানো উচিত। পাশাপাশি ফর্মুলা লেখা নেই এমন ঔষধ কখনোই গ্রহণ না করা উচিত।

পোলিও ভ্যাক্সিনের বিষয়টি যেভাবে ব্যাপকহারে দেশের প্রতিটি অঞ্চলে পৌছে দেয়া হচ্ছে... এ ব্যাপারে সরকারী কর্তৃপক্ষকে তাৎক্ষণিক নজরদারী করা উচিত। কেননা এর ফর্মুলা সম্পর্কে কারোরই জানা নেই। যেহেতু অজানা ভ্যাক্সিনগুলোর সংবাদ পত্র-পত্রিকায় আসছে, যেগুলোর মাধ্যমে পোলিওর ব্যাধি বেড়ে যাবার আশঙ্কা রয়েছে। পাশাপাশি ব্রিটেন এবং যৌথরাষ্ট্রভিত্তিক বৈজ্ঞানিকদের পক্ষ থেকে গবেষণান্তে পোলিওর ফোটাকে এইডস, হাড্ডির ক্যান্সার, যৌন দুর্বলতা এবং অগণিত ধ্বংসাত্মক রোগের মৌলিক উপকরণ বলে আখ্যায়িত করা হয়েছে। এ জাতিয় বস্তু সামনে আসলে সাথে সাথে নিষেধাজ্ঞা আরোপ করা চাই।

দ্রুত গতিতে সময় পার...

হযরত আবূ হুরায়রা রা. হতে বর্নিত, নবী করীম সা. এরশাদ করেন- কেয়ামত ততক্ষণ পর্যন্ত সংঘটিত হবেনা, যতক্ষণ না কাল পর্যায়ক্রমে অত্যন্ত দ্রুত গতিতে অতিবাহিত হতে থাকবে। যারফলে এক বৎসর এক মাসের সমান, এক মাস এক সপ্তাহের সমান, এক সপ্তাহ এক দিনের সমান, একদিন একঘন্টার সমান, এবং এক ঘন্টা খেজুরের পাতা ঝড়ে যাওয়ার মত মনে হবে। (ابن حبان، ج:15ص:256)

সময়ের বরকত হ্রাস পাওয়ার বিষয়টি আজকাল সবাই অনুভব করতে পারেন যে, কত দ্রুতগতিতে সপ্তাহ-মাস আর বৎসরগুলো পার হয়ে যাচ্ছে। রূহানিয়্যত থেকে গাফেল ব্যক্তিবর্গ প্রশ্ন উত্থাপন করতে পারে যে, সময়ে বরকত দ্বারা কি উদ্দেশ্য ?? কেননা, পূর্বের মত এখনও চব্বিশ ঘন্টায় এক দিবস হয়..??!! সাত দিনে এক সপ্তাহ হয়...??!!

সময়ের বরকত হওয়ার দ্বারা কি উদ্দেশ্য- তা বুঝতে হলে আপনি সারাদিনের কাজগুলো সকালে ফজরের নামাজের পর করে দেখুন। তাহলেই বুঝে আসবে যে, যেই কাজের মধ্যে আপনি সারাদিন ব্যায় করে ফেলতেন, এসময় অতি অল্পক্ষণের মধ্যে তা আপনি শেষ করে ফেলেছেন।

চাঁদে অস্বাভাবিক পরিবর্তন...

عن أبي هريرة رضي الله تعالى عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: من اقتراب الساعة انتفاخ الأهلة ، وأن يرى الهلال لليلة ، فيقال: هو ابن ليلتين. (المعجم الصغير:ج:2ص:115)

অনুবাদ- হযরত আবূ হুরায়রা রা. হতে বর্ণিত, রাসূলে কারীম সা. এরশাদ করেন- কেয়ামত নিকটবর্তী হওয়ার নিদর্শনসমূহের একটি হচ্ছে চাঁদ মোটা ও প্রশস্ত হয়ে যাওয়া। মানুষ প্রথম তারিখের চাঁদকে দেখে বলতে থাকবে যে, আরে.. এটিতো দ্বিতীয় তারিখের চাঁদ।

উলামায়ে কেরামের জন্য হাদিসটিতে বহু চিন্তা গবেষনার বিষয় রয়েছে। বর্তমানে চাঁদ নিয়ে যে মতানৈক্যপূর্ণ পরিস্থিতি সৃষ্টি হয়েছে, তা নিঃশেষ করে দেয়া চাই।

আধুনিক যুগের অত্যাধুনিক টেকনোলোজী...

عن أبي سعيد الخدري رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: والذي نفسي بيده ، لا تقوم الساعةُ حتى تكلم السباعُ الإنسَ ، وحتى تكلم الرجلَ عذبةُ سوطه وشراكُ نعله ، وتخبره فخذُه بما أحدث أهلُه من بعده. هذا حديث صحيح على شرط مسلم ولم يخرجاه. ووافقه الذهبي (مستدرك حاكم،ج:4ص:515 ، والترمذي-2108)

অনুবাদ- হযরত আবু সাঈদ খুদরী রা. হতে বর্ণিত, রাসূলে কারীম সা. এরশাদ করেন- ঐ সত্তার শপথ, যার হাতে আমার প্রাণ নিহিত..! কেয়ামত ততক্ষণ পর্যন্ত সংঘটিত হবেনা, যতক্ষণ না হিংস্র প্রাণীরা মানুষের সাথে কথা বলতে থাকবে। যতক্ষণ না চাবুকের অগ্রভাগ ও জুতার ফিতা- মালিকের সাথে কথা বলতে থাকবে। উড়ুর পেশি মানুষকে সংবাদ দেবে যে, তার অনুপস্থিতিতে পরিবারের সদস্যরা কি কাজে লিপ্ত হয়েছে..।

ইমাম হাকিম রহ. হাদিসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন এবং ইমাম যাহাবী রহ.ও উনার সাথে একমত পোষন করেছেন। পাশাপাশি তিরমিযী শরীফের বর্ণনাটিকেও নাসিরুদ্দীন আলবানী রহ. সহীহ বলেছেন।

সমগ্র জগতের দরূদ ও সালাম বর্ষিত হোক ঐ মুহাম্মাদে আরাবী সা. এর উপর, যিনি সার্বিক দিকনির্দেশনার মাধ্যমে উম্মতকে সর্ববিষয়ে অবগত করে গেছেন। বর্ণনাটিকে রাসূলের মু'জেযা হিসেবে ধরা যেতে পারে যে, এমন এক যুগে তিনি এর ভবিষ্যদ্বাণী করছেন, যেখানে অত্যাধুনিক টেকনোলোজীর কল্পনাও কারো মনে উদয় হওয়ার কথা নয়। কিন্তু ইলেক্ট্রনিক চিপ (Electronic Chip)এর বর্তমান এই যুগটি ঠিকই রাসূলে কারীম সা.এর বর্ণনাটিকে চিৎকার করে সত্যায়ন করে যাচ্ছে। উন্নত রাষ্ট্রগুলোতে এমনসব চীপ তৈরী করা হয়েছে; বরং ব্যবহারও হচ্ছে যে, চীপটি কোথাও স্থাপন করলে দূরে বসে থাকা কোন মানুষ তার সকল কথাবার্তা শুনতে পারবে, ইচ্ছা করলে তা দেখতেও পারবে। তাছাড়া ঐ চীপের অভ্যন্তরে থাকা মেমরীকে যদি কম্পিউটারে লাগিয়ে সকল ডাটা ডাউনলোড করা হয়, তবে সবকিছু জেনে নেয়া যাবে যে, তার অনুপস্থিতিতে সে কি কি কার্যকলাপে লিপ্ত হয়েছে। বর্তমান সময়ে এটাকে কেউ পায়ে কেউ বাহুতে আর কেউ উড়ুতে স্থাপন করে ব্যবহার করছে।

প্রাণীদের সাথে মানুষের কথা বলার ব্যাপারে যতদূর জানা যায় যে, আপনি শুনে থাকবেন- পশ্চিমা বিশ্বে প্রাণীদের কথা বুঝা এবং তাদের সাথে কথা বলার জন্য নিয়মিত গবেষনা চালু রয়েছে। টেলিভিশনের "ন্যাশনাল জিওগ্রাফিক" (National Geographic) চ্যানেলে নিয়মিতই তাদের গবেষনা আর ফলাফলগুলো প্রকাশ করা হয়।

স্যাটেলাইট টিভি-চ্যানেল আবিস্কার...

বর্তমান সময়ে বিশ্বজুড়ে প্রায় তেরহাজার স্যাটেলাইট টিভিস্টেশন রয়েছে, যেগুলোর মাধ্যমে বিশ্বময় ফেতনা আর অশ্লিলতা ছড়িয়ে দেয়া হচ্ছে। সর্বপ্রকার ফেতনা সম্পর্কেই হাদিসে ভবিষ্যদ্বাণী বর্ণিত হয়েছে।

عن حذيفة بن اليمان رضي الله عنه قال: ليوشكن أن يصب عليكم الشر من السماء حتى يبلغ الفيافي. قال: قيل: وما الفيافي يا أبا عبد الله ؟ قال: الأرض القفر.

হযরত হুযায়ফা রা. হতে বর্ণিত, তিনি বলেন যে, অচিরেই আকাশ থেকে অনিষ্টকর বিষয় বর্ষিত হবে

এমনকি তা জনশূন্য সুদূর মরুভূমিতেও গিয়ে পৌঁছবে।

উপরোক্ত হাদিসে السماء শব্দ ব্যবহৃত হয়েছে, যার অর্থ আকাশ। আর আকাশ বলতে মানুষের মাথার উপর থেকে নিয়ে আসমানের সকল কিছুকেই বুঝায়। বর্তমান স্যাটেলাইট ষ্টেশনও আকাশে স্থাপিত। টেলিভিশন চালু করলে যে সকল দৃশ্য পরিলক্ষিত হয়, সবই ঐ স্যাটেলাইটের কল্যাণে।

এমনকি নির্জন মরুভূমিতেও বর্তমানে ডিশছাতা বসিয়ে দিলে সহজেই সবকিছু দেখা যাচ্ছে। নিচের ছবিতে..

বর্তমানে কোথাও নিরাপত্তা নেই। যেখানেই যাবেন- অশ্লীলতা আর ফেতনা আপনার পিছু ধাওয়া করবে। আল্লাহ আমাদেরকে সকল প্রকার ফেতনা থেকে রক্ষা করুন...।

প্রত্যেক সম্প্রদায়ের নেতা-ই মুনাফিক হবে...

عن أبي بكرة رضي الله تعالى عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: لا تقوم الساعة حتى يسود كل قوم منافقوهم. (المعجم الأوسط،ج:4ص:355)

অনুবাদ- হযরত আবূ বাকরা রা. হতে বর্ণিত, রাসূলে কারীম সা. এরশাদ করেন- কেয়ামত ততক্ষণ পর্যন্ত সংঘটিত হবেনা, যতক্ষণ পর্যন্ত না প্রত্যেক জাতিকে তাদের মুনাফিকেরা নেতৃত্ব দেবে।

রাসূলে কারীম সা. হাদিসটিতে উম্মতের সরলতার প্রতি ইঙ্গিত করেছেন যে, তাদের মধ্যে তো কাপুরুষতা, অলসতা এবং ঈমানী দুর্বলতা সৃষ্টিই হবেই। উপরন্তু নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ মুনাফিক থাকায় জনগণের ঈমানকে তারা কখনোই তাজা হতে দেবেনা।

আজ আমাদের সমাজের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের দিকে তাকালে এমনই গুনাগুণ দেখতে পাবেন।

সমাজের চেয়ারম্যান, মেম্বার, শাসনকর্তা, নির্বাচিত সংসদ সদস্য সবাই আজ সরলমনা মুসলমানদেরকে একটিচেটিয়া শাসন করে যাচ্ছে। তারা যদি বাস্তবে মুনাফিক নাই হয়ে থাকে, তবে বাংলাদেশের মত গরীব রাষ্ট্রে নির্বাচনের পূর্বে এত কোটি কোটি টাকা খরচ করে মানুষের সেবা করার লোভ করে কেন..??!! বিনা পয়সাতেও তো কেউ গরীব দুঃখী মানুষের সেবা করতে চায়না!! আর মুনাফিকের প্রধান আলামত হচ্ছে প্রতিশ্রুতি ভঙ্গ করা। সুতরাং আপনারাই যাচাই করে দেখুন- নির্বাচনের পূর্বে মুখের বড় বড় বুলি দিয়ে, ইশতেহার প্রকাশ করে তারা জনগণের সামনে কতকিছু করার প্রতিশ্রুতি দিয়ে থাকে। বাড়ীর দুয়ারে দুয়ারে গিয়ে দোয়া নিয়ে আসে। কিন্তু নির্বাচনে জয়ী হয়ে গেলে পূর্বের সকল প্রতিশ্রুতির কথা ভুলে গিয়ে নির্বাচনে খরচকৃত টাকা পুণরোদ্ধার, সামনের দিবসগুলির জন্য যথেষ্ট পুঞ্জি মজুদ এবং যেই লোভে সে নির্বাচন করেছিল, সেই লোভ পূরণ করার প্রতি মনোনিবেশ করে। আর আমাদের জনগণও কতইনা সরলমনা!! প্রতিবার নির্বাচনের সময় তারা জানে যে, প্রতিশ্রুতিগুলো সম্পূর্ণ ভুয়া, তারপরও সাময়ীক কিছু টাকা অর্জনের আশায় দলাদলি করে তাদেরকে ভোট দিয়ে থাকে।

মুনাফিকদের ফেতনা...

হযরত আবূ য়াহয়া বলেন- হযরত হুযায়ফা রা. এর কাছে মুনাফিকদের ব্যাপারে প্রশ্ন করা হয় (মুনাফিক কারা ??) উত্তরে বলেন- যে ব্যক্তি ইসলামের প্রশংসা করে, কিন্তু এর উপর আমল করেনা।(مصنف ابن أبي شيبة،ج:15ص:115)

বর্তমান যুগ খুবই আশ্চর্যের এক যুগ; মুনাফিকেরা ইসলামী জীবনব্যবস্থাকে মেনেও নিচ্ছেনা পাশাপাশি নিজেদেরকে ইসলাম থেকে সম্পূর্ণ মুক্তও ঘোষনা করছেনা। বরং কথা বলার সময় ইসলামের প্রশংসা করতে করতে কয়েক ঘন্টা পার করে দেয়- ইসলামই সত্যিকারের জীবনব্যবস্থা, ইসলামই সফলতা ও মুক্তির একমাত্র পথ, ইসলামই একমাত্র সকলের নিরাপত্তা নিশ্চিত করতে সক্ষম। কিন্তু যখনই নিজেদের ব্যক্তিগত জীবনে ইসলাম প্রতিষ্ঠার বিষয়টি আসে, তখন তারাই ইসলামী বিচারব্যবস্থা ও শাসনব্যবস্থার বিরুদ্ধে মুখ খুলতে শুরু করে- "ইসলামের চৌদ্দশত বৎসরের এই পূরাতন জীবনব্যবস্থা অত্যাধুনিক কম্পিউটারের এই যুগে গ্রহনযোগ্য নয়"। যদি কখনো কোন অঞ্চলে কেহ আবূ বকর-উমরের ইসলামকে বাস্তবায়ন করে ফেলে, তাহলে দুনিয়ার সমস্ত অশালীন অনিষ্টকর বাক্য তার জন্য ব্যবহৃত হয়- "মৌলবাদী", "মতলববাজ", "ফতোয়াবাজ","সমাজবিরোধী","নারী নির্যাতনকারী", "মোল্লাদের ইসলাম প্রত্যাখ্যাত" ইত্যাদি সকল প্রকার বিশ্রি পরিভাষা এদের বরণ করতে হয়। তাদের এমন ইসলাম দরকার যা তাদের মনোচাহিদাগুলি পূরণ করে দেবে। তাদের কাছে সবচে' ঘৃণিত ইসলাম হচ্ছে- যা তাদের চোখের সামনে থেকে সমাজের মা বোনদেরকে পর্দার আড়ালে লুকিয়ে রাখে।

তারা ঐ সকল লোক, যাদের শরীরের উপরের চামড়াটা তো ঠিকই মানুষের, কিন্তু অন্তরটা পশুর চরিত্র দিয়ে ঢাকা। হিংস্র ও মনপূজারী এ মুনাফিকেরাই তাদের লোভী চোখ দু'টিকে সান্তনা দেবার আশায় মা-বোনদেরকে ঘর থেকে বের হতে বাধ্য করেছে। তাদের বাসনা হচ্ছে যে, সবসময় তাদের সামনে অপরিচিত সুন্দরী মহিলারা তাদের মন জুড়াতে থাকুক। এই হচ্ছে আমাদের মুসলমান...। ইসলাম নারীদেরকে স্বাধীনতা দিয়েছে..., ইসলামই পরিপূর্ণ জীবনবিধান..., এগুলো হচ্ছে তাদের মুখের বুলি। অন্যথায় তাদের অবস্থাতো কুরআনে কারীমেই বর্ণিত হয়েছে

وإذا قيل لهم تعالوا إلى ما أنزل الله وإلى الرسول رأيت المنافقين يصدون عنك صدودا. (سورة النساء)

অর্থাৎ যখনই মুনাফিকদেরকে বলা হয়- "এসো! আল্লাহর নাযিলকৃত হুকুম আহকামের দিকে। এসো! আল্লাহর রাসূলের আনীত জীবনব্যবস্থার দিকে। তখন আপনি দেখবেন যে, তারা আপনাকে কৌশলে এড়িয়ে যাচ্ছে।" অন্য একস্থানে তাদের ব্যাপারে বলা হয়েছে-

بشر المنافقين بأن لهم عذابا أليما الذين يتخذون الكافرين أولياء من دون المؤمنين (سورة النساء)

অর্থাৎ হে নবী! আপনি মুনাফিকদেরকে সুসংবাদ দিয়ে দিন যে, তাদের জন্য যন্ত্রণাদায়ক শাস্তি অপেক্ষা করছে। (তাদের পরিচয়)- তারা মুসলমানদের মোকাবেলায় কাফেরদেরকে বন্ধুরূপে গ্রহণ করেছে।

এতদসত্তেও মুনাফিকদের অবস্থা এই...

وإذا لقوا الذين آمنوا قالوا آمنا وإذا خلوا إلى شياطينهم قالوا إنا معكم إنما نحن مستهزئون

অর্থাৎ মুনাফিকেরা যখন ঈমানদারদের সাথে মিলিত হয়, তখন বলে- আমরা তো মুসলামান..। পক্ষান্তরে যখন তারা তাদের কাফের সরদারদের সাথে গোপনে সাক্ষাত করে, তখন বলে- আরে! আমরা তো তোমাদের সাথে আছি। আমরা তো মুসলমানদের সাথে ঠাট্টা করি..।

وإن كان للكافرين نصيب قالوا ألم نستحوذ عليكم ونمنعكم من المؤمنين (سورة النساء)

অর্থাৎ যদি কখনো কাফেরদের বিজয় হয়ে যায়, তখন মুনাফিকরা তাদেরকে বলতে থাকে- আমরা (মুসলমানগণ) তোমাদের উপর তো বিজয়ী হয়েই গিয়েছিলাম (কিন্তু এরপরও আমরা তোমাদের সাহায্য করেছি) এবং আমরাই তোমাদের থেকে মুসলমানদের বাধা দিয়েছি। (মুনাফিকদের উপর আল্লাহর লা'নত বর্ষিত হোক)

চাঁপাবাজ মুনাফিকদের ফেতনা...

عن عمر بن الخطاب رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: إنّ أخْوَفَ ما أخافُ على أمتي كلُّ منافقٍ عليمِ اللسان.(مسند أحمد، ج:1ص:22) قال المحقق شعيب الأرنؤوط: إسناده قوي.

হযরত উমর ইবনুল খাত্তাব রা. বলেন- যে, নবী করীম সা. বলেছেন- আমার উম্মতের উপর সবচেয়ে বেশি যে ফেতনাটি নিয়ে আমি শংকিত, তা হল প্রত্যেক চাঁপাবাজ মন্তব্যকারী মুনাফিকের ফেতনা।

বর্তমান অবস্থা পর্যবেক্ষণ করলে দেখতে পাবেন যে, মুসলমানদেরকে পথভ্রষ্ট করার জন্য আজ প্রতিটি ক্ষেপে ক্ষেপে চাঁপাবাজ মুনাফিক বসে আছে। একজন থেকে অপরজন বেশি ফেতনাবাজ। কেউ আল্লাহর নাযিলকৃত জীবনবিধান নিয়ে ছেড়াছেড়ি করছে, কেউ জিহাদকে সন্ত্রাস বলে মুসলমানদেরকে সন্ত্রাসী আখ্যায়িত করছে, কেউ লম্বা লম্বা প্রতিশ্রুতি দিয়ে সরলমনা লোকদেরকে ধোকা দিচ্ছে আর কেউ রাসূলে আরাবী সা. এর আনীত শাসনব্যবস্থা ছেড়ে মডার্ন শাসনব্যবস্থার দিকে লোকদেরকে আহবান করছে।

قال عمر بن الخطاب رضي الله عنه: إن أخوف ما أخاف عليكم ثلاثة منافق ، يقرأ القرآن لا يخطي فيه واوا ولا ألفا ، يجادل الناس أنه أعلم منهم ليضلهم عن الهدى ، وزلة عالم ، وأئمة مضلين. (صفة المنافق الفريابي ج:1ص:54)

অনুবাদ- হযরত উমর ইবনুল খাত্তাব রা. বলেন- তোমাদের ব্যাপারে সবচে' বেশি যে বিষয়টি নিয়ে আমি শংকিত, তা হচ্ছে- তিন প্রকার মুনাফিক। (১) ঐ মুনাফিক যে কুরআনে কারীম উত্তমরূপে পড়ে, এমনকি তাতে واو، ألف পর্যন্ত ভুল করেনা। সে মুসলমানদের সাথে (ধর্মীয় বিষয়ে) বাকবিতন্ডা করে, বুঝাতে চায় যে, সেই সবচে' বেশি জ্ঞানী। এর দ্বারা মানুষকে সে পথভ্রষ্ট করতে চায়। (২) আলেমের পদস্খলন (ভুল ফতোয়া)। (৩) পথভ্রষ্টকারী নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ।

হযরত যায়েদ বিন ওয়াহব রহ. বলেন- একদা একজন মুনাফিকের মৃত্যু হলে হযরত হুযাইফা রা. তার জানাযার নামাযে শরীক হননি। তা দেখে হযরত উমর ইবনুল খাত্তাব রা. উনাকে জিজ্ঞাসা করলেন-

ব্যক্তিটি কি মুনাফিক ? উত্তর দিলেন- হ্যাঁ..। এরপর উমর রা. জিজ্ঞাসা করলেন: -আল্লাহর কসম দিয়ে বলছি- আপনি বলুন- আমিও কি এদলের অন্তর্ভূক্ত ?? হুযাইফা রা. জবাব দিলেন- না। অতপর তিনি বললেন- এধরনের জবাব আপনার পরে আমি আর কাউকে বলবনা। (ابن أبي شيبة:481\7)

হাদিসের সনদ সহীহ।

নবী করীম সা. সমস্ত মুনাফিকদের নাম হুযাইফা রা. এর কাছে বর্ণনা করে গিয়েছিলেন। মদীনার সকল মুনাফিককে উনি অক্ষরে অক্ষরে চিনতেন। একারণেই সাহাবায়ে কেরাম রা. উনাকে রাসূলে কারীম সা. এর "সি.আই.ডি" বলে জানতেন। অথবা বলতে পারেন যে, উনি মুসলমানদের ইন্টেলিজেন্স প্রধান ছিলেন। যেহেতু উমর রা.'র অন্তরে আখেরাতের ভয় বেশি ছিল, তাই তিনি প্রায়ই উনার কাছে এসকল প্রশ্ন করতেন।

একবার হযরত হাছান বসরী রহ. কে কেহ জিজ্ঞাসা করল- নেফাক কি আজও বিদ্যমান ? উত্তরে বললেন- বসরার অলিগলি থেকে যদি সকল মুনাফিক বের হয়ে যায়, তাহলে বসরা বিরানভূমিতে পরিণত হয়ে যাবে।(صفة المنافق-جفعر بن محمد الفريابي)

আরেক বর্ণনায় পাওয়া যায়- "আল্লাহর শান! এই উম্মতকে কত মারাত্মক ধরনের মুনাফিকরা আক্রমন করছে, এমনকি তারা সমাজের অধিপতিও হতে চাইছে!!"

মুআল্লা বিন যায়েদ বলেন- আমি হযরত হাছান বসরী রহ. কে এই মসজিদে আল্লাহর শপথ দিয়ে বলতে শুনেছি যে, "কোন মুমিন এমন অতিবাহিত হয়নি, যে নিজের সম্পর্কে কোন নেফাকীর ভয় করেনি, আর কোন মুনাফিক এমন অতিবাহিত হয়নি, যে নিজেকে নেফাক থেকে সম্পূর্ণ পবিত্র ও নিরাপদ ভাবেনি"। তিনি আরো বলেন- "যে ব্যক্তি নিজের ব্যাপারে নেফাকীর ভয় না করে, সেই প্রকৃত মুনাফিক। (صفة المنافق-جفعر بن محمد الفريابي)

আইয়ূব রহ. বলেন- আমি হযরত হাছান বসরী রহ. কে বলতে শুনেছি যে, "কোন মুমিন ব্যক্তি এই পেরেশানী ব্যতিত সকাল-সন্ধ্যা যাপন করেনা যে, কখন নেফাকী আমার ভেতরে প্রবেশ করে যাবে আর আমি গুমরাহ হয়ে যাবো।"

একস্থানে কালের মানুষ নিরীক্ষা আর সাহাবাযে কেরামের যমানা স্মরণের প্রেক্ষিতে তিনি বলেন- "হায় আফসোস! নিরাশার কালো ছায়া আর মনের সুধারণা মানুষকে পশুত্বে পরিণত করেছে। সর্বস্থানে শুধু মুখের বুলি; আমলের কোনই নাম-নিশানা নেই। জ্ঞান আছে, কিন্তু (জ্ঞানের চাহিদা পূরনার্থে) ধৈর্য নেই। ঈমান আছে, কিন্তু বিশ্বাস নেই। মানুষ অনেক ভাসে চোখে, কিন্তু সঠিক বুঝ নেই। শুরগোল অনেক শুনা যায়, কিন্তু কারো প্রতিই মনের ভক্তি-শ্রদ্ধা উদয় হয়না। মানুষ আসে আর যায়। তারা সবকিছু জেনেও প্রতারিত হয়েছে। তারাই প্রথমে একে হারাম বলেছে, পরে তারাই আবার হালাল বলে তা ব্যবহার করতে শুরু করেছে...। এই যদি হয় তোমাদের পরিচয়..., তবে তোমাদের ধর্ম কি ??!! মুখে অনেক রস... চাঁপা অনেক মারতে পারে। যদি জিজ্ঞাসা করা হয়- তোমরা বিচারদিবস বিশ্বাস কর ?? তখন বলে- হ্যাঁ... হ্যাঁ...! কেন বিশ্বাস করবনা...!!

পাঁচটি বিশ্বযুদ্ধ..

(1) : عن عبد الله بن عمرو قال: ملاحم الناس خمس ، فثنتان قد مضتا ، وثلاث في هذه الأمة ملحمة الترك ، (2) وملحمة الروم ، (3) وملحمة الدجال ، ليس بعد الدجال ملحمة. (الفتن نعيم ابن حماد،ج:2ص:548 ، السنن الواردة في الفتن) جميع رواة الحديث ثقات ، إلا أن أبا المغيرة القواس فمجهول.

অনুবাদ- আব্দুল্লাহ বিন আমর রা. হতে বর্ণিত, তিনি বলেন- (পৃথিবীর সূচনা থেকে সমাপ্তি পর্যন্ত) সর্বমোট পাঁচটি বিশ্বযুদ্ধ রয়েছে। তন্মধ্যে দুটি পূর্বে অতিবাহিত হয়ে গেছে আর বাকী তিনটি এই উম্মতের যমানায় হবে। এক- তুরস্কের বিশ্বযুদ্ধ। দুই- রোমকদের সাথে বিশ্বযুদ্ধ। তিন- দাজ্জালের বিরুদ্ধে বিশ্বযুদ্ধ। দাজ্জালের পরে আর কোন বিশ্বযুদ্ধ নেই।

যদিও বিশ্বের মুসলমানগণ তাদের অলসতা আর অবহেলার দরুন অদূর ভবিষ্যতের একটি চরম বাস্তবতা প্রতিরোধের জন্য নিজেদের তৈরী করছেনা। কিন্তু কুফরী শক্তি ঠিকই প্রকাশ্যে ঘোষনা দিয়ে দিয়েছে। সুতরাং যদি কেউ এই অপেক্ষায় থাকে যে, ইমাম মাহদী আত্মপ্রকাশ করলে তারপরই যুদ্ধের ঘোষনা করব, তবে এমন ব্যক্তিরা শুধু অপেক্ষাতেই থাকবে। কেননা, ইমাম মাহদীর আবির্ভাব এমন এক সময় ঘটবে, যখন যুদ্ধ চূড়ান্ত পর্যায়ের রূপ ধারন করবে।

ফেতনাসমূহের বর্ণনা...

إن أبا هريرة رضي الله تعالى عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: ستكون فتن ، القاعد فيها خير من القائم ، والقائم فيها خير من الماشي ، والماشي فيها خير من الساعي ، من تشرف لها تستشرفه ، ومن وجد فيها ملجأ فليعذ به. (بخاري ومسلم)

অনুবাদ- হযরত আবূ হুরায়রা রা. হতে বর্ণিত, তিনি বলেন যে, নবী করীম সা. এরশাদ করেছেন- অচিরেই ফেতনাসমূহ প্রকাশ হবে, ফেতনার সময় বসে থাকা ব্যক্তি দাড়িয়ে থাকা ব্যক্তির চাইতে উত্তম হবে। আর দাড়িয়ে থাকা ব্যক্তি চলমান ব্যক্তি থেকে উত্তম হবে। চলমান ব্যক্তি দৌড়তে থাকা ব্যক্তির চেয়ে উত্তম হবে। যেই ফেতনার দিকে একটু ঝুকে যাবে, ফেতনা তাকে টেনে ভেতরে নিয়ে যাবে। সুতরাং তখন তোমাদের মধ্যে কেউ যদি বাঁচার জন্য কোন আশ্রয়স্থল পেয়ে যাও, তবে সেখানেই আশ্রয় নিয়ে নিও।"

"ফেতনার সময় বসে থাকা-দাড়িয়ে থাকা-চলতে থাকা" এগুলোর মাধ্যমে উদ্দেশ্য হল- ফেতনার ক্ষেত্রে কম চেষ্টা করা এবং ফেতনায় কম প্রবেশ করা। ফেতনাটি এমন হবে যে, যে যতই চেষ্টা করবে, সে ততই ফেতনায় পতিত হবে। এ ফেতনা অনেক ধরনের হতে পারে। তন্মধ্যে একটি হচ্ছে সম্পদের ফেতনা, যেটাকে নবী করীম সা. উম্মতের জন্য সবচে' ভয়ানক বলে আখ্যায়িত করে গেছেন। বর্তমান সময়ে সুদী সিস্টেমের অধীনে যে যতই সম্পদ কামানোর চেষ্টা করবে, সে ততই নিজেকে সুদের মধ্যে প্রবেশ করাবে। আর যে কম চেষ্টা করবে, সে কম প্রবেশ করবে। এভাবেই দাড়িয়ে থাকা ব্যক্তি চলমান ব্যক্তি হতে, চলমান ব্যক্তি দৌড়তে থাকা ব্যক্তি হতে উত্তম বলে বিবেচিত হবে। এ কারণেই নবী করীম সা. বলেছেন- যার কাছে তখন বকরী/মেষপাল থাকবে, সে যেন তার বকরীগুলো নিয়ে পাহাড়ে বা দূরের (ফেতনাহীন) কোন এলাকায় চলে যায়।

عن أنس بن مالك رضي الله تعالى عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: يأتي على الناس زمان ، الصابر فيها على دينه كالقابض على الجمر. قال أبو عيسى هذا حديث غريب من هذا الوجه. وصححه الألباني. (سنن الترمذي:ج:4ص:526)

অনুবাদ- হযরত আনাছ রা. হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- মানুষের উপর এমন এক কাল আসবে, যে কালে দ্বীনের উপর অটল থাকা হাতে আগুনের আংড়া নিয়ে দাড়িয়ে থাকার মত কঠিন হবে।

عن أبي هريرة رضي الله تعالى عنه قال: إن رسول الله صلى الله عليه وسلم قال: بادروا بالأعمال فتنا كقطع الليل المظلم ، يصبح الرجل فيها مؤمنا ويمسي كافرا ، أو يمسي مؤمنا ويصبح كافرا ، يبيع دينه بعرض من الدنيا. (مسلم ،ج:1ص:110 ، صحيح ابن حبان،ج:15ص:96)

অনুবাদ- হযরত আবূ হুরায়রা রা. বলেন- রাসূলে কারীম সা. এরশাদ করেছেন- ফেতনাসমূহ প্রকাশ হওয়ার পূর্বেই যা নেক আমল করার, দ্রুত করে ফেলো!! কেননা, ফেতনাসমূহ অন্ধকার রাত্রির অংশের মত (কালো) হবে (বুঝা যাবেনা- ফেতনায় পতিত হচ্ছে কিনা..)। ঐ ফেতনার সময় মানুষ সকালে মুমিন থাকবে, সন্ধায় কাফের হয়ে যাবে। অথবা সন্ধায় মুমিন থাকবে, সকালে কাফের হয়ে যাবে। দুনিয়ার তুচ্ছ লাভের আশায় স্বীয় দ্বীনকে বিক্রি করে দেবে।

বর্তমান সময়ে মানুষ কিভাবে ফেতনায় পতিত হচ্ছে, কেউ টের পাচ্ছেনা। দ্বীনের সঠিক বোঝ না থাকার দরুন মনের অজান্তেই কত কিছু করে বসছে। ফেতনার সবচে' বিপদজনক দিকটি হল- সকালে মুমিন থাকবে আর সন্ধায় কাফের হয়ে যাবে। অর্থাৎ সকালে ঘুম থেকে উঠার সময় তো মুমিন থাকবে, কিন্তু সারাদিন সে এমন সব কথা আর কার্যকলাপে লিপ্ত হবে- যদ্দরুন সে কাফের হয়ে সন্ধায় ঘরে ফিরবে। আজকাল মানুষকে ইসলামের কথা বললে, তাবলীগের দাওয়াত দিলে বা অন্য কোন সংশোধনমূলক কথা শুনালে ইসলামের বিষয়গুলো নিয়ে পাল্টা প্রশ্ন করতে থাকে। পাপ করার সময় মানা করলে হাসি তামাশায় বলতে থাকে যে, মরার পর যা হওয়ার হবে, কেউ তো দেখতে পাবেনা। নামাযের দাওয়াত দিলে বলতে থাকে- আল্লাহকে পেতে হলে এত ঘন ঘন নামায পড়ার দরকার নেই; বরং অন্তরের ধ্যানই যথেষ্ট। আবার কেউ বলতে থাকে- সমস্যা নেই! একদিন না একদিন তো অবশ্যই আমরা বেহেশ্তে যাব।

ওহে মুসলমান ভাইয়েরা! ইসলামের কোন বিষয় নিয়ে ঠাট্টা করা বা হাসি-তামাশা করা কুফরীর শামিল। এধরনের কোন কথা মুখ থেকে বের হলে আপনার ঈমানের কোনই গ্যারান্টি নাই। এসকল কথা বলে সন্ধায় বাড়ীতে ফিরলে অবশ্যই আপনি ঈমান নিয়ে বাড়ীতে ফিরলেননা। ইহুদীদের টাকায় লালিত বর্তমান মিডিয়া ও পত্র-পত্রিকার কোন খবরকে কেন্দ্র করে ইসলামের বিষয়গুলো নিয়ে বাকবিতন্ডা করবেন না। ইসলাম সম্পর্কে জানতে হলে কোন হকপন্থী আলেমের শরণাপন্ন হোন। ব্যক্তিগত চিন্তাচেতনা আর দৃষ্টিভঙ্গি দিয়ে ইসলামের বিধানগুলোর বিশ্লেষণ করবেন না। আল্লাহ তা'লা কর্তৃক নাযিলকৃত ইসলামের ব্যাপারে কোনই হাসি-তামাশা বা ঠাট্টা-বিদ্রুপ করবেন না। মনে রাখবেন- মৃত্যুর পর আমাদের সবারই কিন্তু আল্লাহর কাছেই ফিরে যেতে হবে। তখন আল্লাহ তা'লা এ সম্পর্কে অবশ্যই আমাদের জিজ্ঞাসা করবেন। মনে রাখবেন- আল্লাহ তা'লা যুগে যুগে নবী রাসূল প্রেরণ করে আমাদের উপর বিরাট দয়া করেছেন। দুনিয়ার সবাই যদি আল্লাহর আনুগত্যশীল হয়ে যায়, তবে আল্লাহর রাজত্বে কোন কিছু বৃদ্ধি পাবেনা। পক্ষান্তরে সবাই যদি আল্লাহর শত্রু হয়ে যায়, তবে আল্লাহর রাজত্বে বিন্দুমাত্রও কমতি হবেনা। বরং নেক আমল করলে আমাদেরই ফায়দা হবে। পরকালে তা আমাদেরই উপকারে আসবে। আর বদ আমল করলে হাশরের ময়দানের নিজেকেই তিরস্কার করতে হবে। জাহান্নামে গেলে আমাদেরই কষ্ট হবে ভেবে আল্লাহ তা'লা সঠিক পথের দিশা দিয়েছেন। এত বিরাট দয়া ও মহা নেয়ামত পেয়েও যদি আমরা ইসলামের বিষয়গুলো নিয়ে ছিনিমিনি খেলি, হাসি-ঠাট্টা করি, তবে অবশ্যই আমাদের উপর আল্লাহর লা'নত বর্ষিত হবে। সদা সজাগ থাকবেন যে, ইসলামের বিষয়গুলো নিয়ে যাতে কোন সময় মনের অজান্তে মুখ থেকে কোন কথা বের না হয়ে যায়। অন্যথায় আপনার সারাজীবনের নেকআমল পুড়ে ভস্ম হয়ে যাবে।

ফেতনায় পতিত হওয়ার নিদর্শন...

عن حذيفة رضي الله عنه قال: تعرض الفتنة على القلوب ، فأي قلب كرهها نكتت فيه نكتة بيضاء ، وأي قلب أشربها نكتت فيه نكتة سوداء. (السنن الواردة في الفتن،ج:1ص:227 ، رواه الحاكم وصححه ووافقه الذهبي،ج:4ص:515)

অনুবাদ- হযরত হুযাইফা রা. বলেন যে, ফেতনাসমূহ অন্তরের উপর পেশ করা হবে। সুতরাং যে ফেতনাটিকে ঘৃণা করে এথেকে দূরে সরে যাবে, তার অন্তরে একটি সাদা রেখা একেঁ দেয়া হবে। পক্ষান্তরে যে

ফেতনাকে (না চিনে) তাতে প্রবেশ করে বসবে, তার অন্তরে একটি কালো রেখা একেঁ দেয়া হবে।

ইমাম হাকিম রহ. বর্ণনাটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন এবং ইমাম যাহাবী রহ.ও উনার সাথে একমত পোষন করেছেন।

عن حذيفة رضي الله تعالى عنه قال: إذا أحب أحدكم أن يعلم أصابته الفتنة أم لا..!! فلينظر.. فإن كان رأى حلالا كان يراه حراما ، فقد أصابته الفتنة ، وإن كان يرى حراما كان يراه حلالا فقد أصابته. هذا حديث صحيح الإسناد على شرط الشيخين ولم يخرجاه. ووافقه الذهبي. (مستدرك،ج:4ص:515)

অনুবাদ- হযরত হুযাইফা রা. বলেন- তোমাদের মধ্যে যদি কেউ ফেতনায় পতিত হওয়া সম্পর্কে জানতে চায় যে, লোকটি ফেতনায় পড়েছে কিনা... তবে সে যেন দেখে যে, লোকটি পূর্বে যে বস্তুটিকে হারাম মনে করত, তা এখন সে হালাল মনে করছে কিনা..। যদি সে হারাম জানা বস্তুটিকে হালাল মনে করতে শুরু করে, তবেই সে ফেতনায় পড়ে গেছে। পাশাপাশি যদি সে হালাল জানা বস্তুটিকে হারাম মনে করতে শুরু করে, তবেও সে ফেতনায় পতিত হয়েছে।

হযরত হুযাইফা রা. যেহেতু ফেতনায় পতিত হওয়ার নিদর্শন বলে দিয়েছেন। সুতরাং এখন প্রত্যেক মানুষের চিন্তা করা দরকার যে, তার মনের পরিস্থিতি কি...!!! চিন্তা করলে হাদিসটিতে আমাদের সংশোধনের জন্য অনেক পাথেয় বিদ্যমান রয়েছে।

ফেতনাকালে সর্বোৎকৃষ্ট ব্যক্তি...

عن ابن عباس رضي الله عنهما قال: قال رسول الله صلى الله عليه وسلم: خيرُ الناس في الفتن رجلٌ آخذٌ بعِنَانِ فَرَسِه أو قال: بِرَسَنِ فَرَسِه خلْفَ أعداءِ الله ، يُخِيفُهم ويُخِيفُونَه ، أو رجلٌ معتزلٌ في باديته يؤدِّي حق الله الذي عليه. هذا حديث صحيح على شرط الشيخين ولم يخرجاه. ووافقه الذهبي رحمه الله. (المستدرك على الصحيحين،ج:4ص:510)

অনুবাদ- হযরত ইবনে আব্বাস রা. হতে বর্ণিত, রাসূলে কারীম সা. বলেন- ফেতনার যুগে সবচে' উত্তম ঐ ব্যক্তি হবে, যে স্বীয় ঘোড়ার লাগাম ধরে আল্লাহর শত্রুদেরকে ধাওয়া করতে থাকে। দুশমনদেরকে সে ভীত করতে থাকে, আর দুশমনেরাও তাকে ভয় দেখাতে থাকে। অথবা ঐ ব্যক্তি, যে স্বীয় গ্রামে পড়ে থেকে দুনিয়ার খবর থেকে বিমুখ হয়ে আল্লাহর হকসমূহ আদায় করতে থাকে।

ইমাম হাকিম রহ. হাদিসটিকে বুখারী-মুসলিমের শর্তে সহীহ বলেছেন এবং ইমাম যাহাবী রহ.ও উনার সাথে একমত পোষন করেছেন।

حدثنا عمران بن موسى القزاز البصري حدثنا عبد الوراث بن سعيد حدثنا محمد بن جحادة عن رجل عن طاووس عن أم مالك البهزية قالت : ذكر رسول الله صلى الله عليه و سلم فتنة فقربها قالت قلت يا رسول الله من خير الناس فيها ؟ قال رجل في ماشيته يؤدي حقها ويعبد ربه ورجل أخذ برأس فرسه يخيف العدو ويخيفونه. قال أبو عيسى وفي الباب عن أم مبشر و أبي سعيد و ابن عباس و هذا حديث حسن غريب من هذا الوجه وقد رواه الليث بن أبي سليم عن طاووس عن أم مالك البهزية عن النبي صلى الله عليه و سلم . قال الشيخ الألباني : صحيح

অনুবাদ- উম্মে মালেক বাহযিয়া রা. বলেন যে, নবী করীম সা. একদা ফেতনাসমূহের বর্ণনা দিলেন। খুলে খুলে সবকিছুর বিবরণ পেশ করলেন। তখন আমি আরয করলাম- হে আল্লাহর রাসূল! তখন সবচে'

উত্তম ব্যক্তি কে হবে ?? রাসূল বললেন- ঐ ব্যক্তি, যে তার ঘরবাড়ী ও গরুছাগল দেখাশুনা করে এবং আল্লাহ তা'লার হক আদায় করতে থাকে। অথবা ঐ ব্যক্তি, যে তার ঘোড়ার লাগাম ধরে রাখে (অর্থাৎ সবসময় জিহাদের জন্য প্রস্তুত থাকে) এবং আল্লাহর শত্রুদেরকে ভীত করতে থাকে, শত্রুরাও তাকে ভয় দেখাতে থাকে।" আল্লামা আলবানী রহ. হাদিসটিকে সহীহ বলেছেন।

(১) তখন সর্বোত্তম হবে ঐ ব্যক্তি, যে জিহাদের মধ্যে লিপ্ত থাকবে। শত্রুদেরকে ভীত করতে থাকবে এবং শত্রুরাও তাকে ভয় দেখাতে থাকবে। স্বয়ং নবী করীম সা. যবানে মুবারক দ্বারা এখানে জিহাদ শব্দের ব্যাখ্যা বলে দিয়েছেন। অতপর বলেছেন- অথবা ঐ ব্যক্তি উত্তম হবে, যে ফেতনাসমূহের সময় নিজের মালছামানা, গরুছাগল নিয়ে পাহাড় বা কোন দূরবর্তী এলাকায় চলে যাবে। নবী করীম সা. এখানে ইঙ্গিত করে দিয়েছেন যে, যে সকল স্থানে দাজ্জালী ষড়যন্ত্রসমূহের প্রভাব থাকবে, ওখান থেকে হিজরত করে দূরে চলে যাওয়াটাই ঈমানের আলামত।

(২) উপরোক্ত হাদিস এবং অন্যান্য বর্ণনায় একথা পাওয়া যায় যে, ফেতনার সময় দুই প্রকার লোক দাজ্জালের আক্রমণ থেকে রক্ষা পাবে। এক- দ্বীনের মুজাহিদীন, যারা আল্লাহর দ্বীনকে উচুঁ করার জন্য জিহাদ করতে থাকবে। দুই- যারা নিজেদের আসবাবপত্র ও গরুছাগল নিয়ে পাহাড় কিংবা গহীন (নিরাপদ) গ্রামে চলে যাবে এবং আল্লাহর হুকুমসমূহ (যেমন- নামায রোযা ইত্যাদি) পালন করতে থাকবে। দ্বিতীয় প্রকার ব্যক্তিগণ শুধুমাত্র ঈমান বাঁচানোর জন্য পাহাড়ে গিয়ে আশ্রয় নেবে। ফেতনার সময় ঈমান রক্ষার্থে ঘরবাড়ী ছেড়ে দেয়াও আল্লাহ তা'লার কাছে বিরাট সম্মানের ব্যাপার। অপরদিকে মুজাহিদীন শুধু নিজেদের ঈমানই নয়; বরং সমস্ত উম্মতের ঈমান রক্ষা ও দাজ্জালের ফেতনার কোমর ভেঙ্গে দেয়ার উদ্দেশ্যে তারা দাজ্জালের এজেন্টদেরকে হত্যা করতে থাকবে। নিজেদের ঘরবাড়ী, মাতা-পিতা, স্ত্রী-সন্তান, দেশ ও ধনসম্পদকে উম্মতের ঈমান বাঁচানোর আশায় কুরবান করে দেবে। একারণেই সবচে' বেশি মর্যাদা মুজাহিদীনের হবে।

দ্বীন ও ঈমান রক্ষায় ফেতনাসমূহ থেকে পলায়ন করার তাগিদ...

عَنِ ابْنِ عُمَرَ رضي الله عنهما، عَنِ النَّبِيِّ -صلى الله عليه وسلم- قَالَ: إِنَّ الإِسْلاَمَ بَدَأَ غَرِيبًا وَسَيَعُودُ غَرِيبًا كَمَا بَدَأَ وَهُوَ يَأْرِزُ بَيْنَ الْمَسْجِدَيْنِ كَمَا تَأْرِزُ الْحَيَّةُ فِي جُحْرِهَا. (صحيح مسلم،ج:1ص:131)

অনুবাদ- হযরত আব্দুল্লাহ ইবনে উমর রা. হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- নিশ্চয় ইসলামের সূচনা হয়েছে অপরিচিত পরিস্থিতির মধ্য দিয়ে। অচিরেই ইসলাম অপরিচিত পরিস্থিতে ফিরে আসবে- যেমনটি সূচনার সময় ছিল। ইসলাম দুই মসজিদের মধ্যে ফিরে যাবে (সীমাবদ্ধ হয়ে পড়বে), ঠিক যেমনভাবে সাঁপ তার গর্তের দিকে আস্তে আস্তে ফিরে যায়।

হাদিসে উল্লেখিত "গারীব" শব্দের তরজমা "অপরিচিত পরিস্থিতি"র মাধ্যমে করা হয়েছে। যেমনভাবে সূচনালগ্নে ইসলামকে মানুষেরা অপরিচিত ও অসাধু মনে করত। বর্তমান যুগেও অধিকাংশ মুসলমান ইসলামের বিধানাবলীকে অপরিচিত ও অসাধু মনে করছে। পাশাপাশি ইসলামের বিধানাবলীর সাথে তারা এমন আচরণ করছে, মনে হচ্ছে তারা জানেনা যে, নামায রোযার মত এই সকল বিধানাবলীর সাথেও তাদের গভীর সম্পর্ক রয়েছে। বলে থাকে যে, বর্তমান আধুনিক যুগে এর দরকার নেই। অথচ শরীয়তের বেশিরভাগ বিধান (বাণিজ্যিক ও বিচারব্যবস্থা)কে কেন্দ্র করে অবতীর্ণ হয়েছে। এ ধরনের চেতনা বিবর্তনের ফলে বিশ্বের বুকে এক বিলিয়ন চল্লিশ কোটি মুসলমান থাকা সত্তেও আজ ইসলাম অপরিচিত অবস্থায় পড়ে রয়েছে।

সুতরাং ঐ সকল ব্যক্তিদেরকে রহমাতুল্লিল আলামীন সা. মুবারকবাদ জানিয়েছেন, যারা ঐ সকল স্থান থেকে পলায়ন করেছেন, যেখানে ইসলাম অপরিচিত হয়ে পড়ে রয়েছে। এমন স্থানে চলে গেছেন, যেখানে ইসলাম এখনো তরুতাজা রয়েছে। বরং ঐ সকল এলাকার মুসলমানগণ এখনো ইসলামকে ঠিক সেভাবেই চিনে, যেমননাকি মুহাম্মাদে আরাবী সা. তাদেরকে চিনিয়েছিলেন। আজও তাদের জীবনের উদ্দেশ্য হচ্ছে- সাহাবায়ে কেরামের রেখে যাওয়া মতাদর্শ। তারা নামায রোযার পাশাপাশি ইসলামের অন্যান্য বিধানাবলীকেও বক্ষে ধারণ করে রেখেছে। এক্ষেত্রে তারা কোন তিরস্কারকারীর তিরস্কারকে ভয় করছেনা। এ প্রতিশ্রুতির উপর জান কুরবান করার জন্যও তারা সদা প্রস্তুত। যেমনিভাবে সাহাবায়ে কেরাম রা. নিজেদের তাজা খুনের বিনিময়ে ইসলামকে অপরিচিত থেকে পরিচিত করে গিয়েছিলেন, ঠিক তেমনি আমরাও ইনশাআল্লাহ ইসলামকে যুগের অপরিচিত পরিস্থিতি থেকে এমন অবস্থায় নিয়ে যাব, যেখানে ইসলাম অপরিচিত থাকবেনা।

হাদিসের ব্যাখ্যা করতে গিয়ে আল্লামা আবুল হাসান হানাফী রহ. المعتصر من المختصر গ্রন্থে লেখেন-

الإسلام طرا على أشياء ، ليست من أشكاله ، فكان بذلك معها غريبا ، كما يقال لمن نزل على قوم لا يعرفونه : أنه غريب بينهم. (المعتصر من المختصر من مشكل الآثار، ج:2ص:266)

"অর্থাৎ ইসলাম যদি এমন অবস্থায় পড়ে যায়, যেখানে ইসলামের সাথে কোন কিছুর মিল পড়েনা, তাহলেই ইসলাম বাহ্যিক পর্যায়ে "গারীব" বা অপরিচিত হয়ে পড়বে। যেমন- কোন ব্যক্তি যদি এমন এক সম্প্রদায়ের কাছে গিয়ে পৌছে, যারা তাকে চেনেনা, তাহলে তাদের মাঝে তাকে "অপরিচিত" বলা হয়ে থাকে।"

এখানে আরেকটি কথা স্মরণ রাখা দরকার যে, অনেক জ্ঞানী ব্যক্তিবর্গ তাদের অবহেলা ও অলসতার আশ্রয় নিয়ে হাদিসটিকে প্রমাণ হিসেবে পেশ করে। যখন তাদেরকে বলা হয় যে, আল্লাহর দুশমনদের মুকাবেলার জন্য প্রস্তুতি গ্রহণ কর, তখন বলে যে, "ইসলাম তো প্রতিটি যুগেই গরীব বা অসহায় রয়েছে" এবং হাদিসটিকে দলীল হিসেবে উত্থাপন করে। তারা হাদিসের "গারীব" শব্দটিকে বাংলা "গরীব" (অসহায়) অর্থে নিয়ে থাকে, যা সঠিক নয়।

قال أبو عياش: سمعت جابر بن عبد الله يقول: قال رسول الله صلى الله عليه وسلم: إن الإسلام بدأ غريبا ، وسيعود غريبا ، فطوبى للغرباء !! قال: ومن هم يا رسول الله ! قال: الذين يُصلِحون حين يفسُدُ الناسُ. (المعجم الأوسط،ج:5ص:149، وج:8ص:308)

অনুবাদ- আবূ আইয়াশ বলেন- আমি জাবির বিন আব্দুল্লাহ রা. কে বলতে শুনেছি যে, নবী করীম সা. বলেন- নিশ্চয় ইসলামের সূচনা হয়েছে অপরিচিত অবস্থার মধ্যদিয়ে। আবার অচিরেই তা অপরিচিত পরিস্থিতির দিকেই ফিরে আসবে। সুতরাং সুসংবাদ ঐ সকল অপরিচিত ব্যক্তিদের জন্য..!! জিজ্ঞেস করলেন- অপরিচিত কারা ?? বললেন- যারা মানুষের ফেতনা-ফ্যাসাদে লিপ্ত হওয়ার সময় পরিস্থিতি সংশোধন করবে।

হাদিসে রাসূলে কারীম সা. শুধু ঐ সকল ব্যক্তিদের জন্যই সুসংবাদ বর্ণনা করেছেন, যারা ব্যাপক ফেতনা ছড়িয়ে পড়ার সময় পরিস্থিতি সংশোধন করতে থাকবে। আর সবচে' বড় ফ্যাসাদ হচ্ছে আল্লাহ তা'লাকে ছেড়ে মানুষকে সর্বময় ক্ষমতার অধিকারী মনে করা। সুতরাং শরীয়তের দৃষ্টিতে আল্লাহর বাতানো জীবনব্যবস্থার দিকে মানুষকে আহবান করাকেই সর্বোৎকৃষ্ট সংশোধন বলে গন্য করা হবে। এর অধীনেই সত্যের দিকে আহবান-মিত্যার প্রতি ঘৃণাসৃষ্টির ফরযিয়তকে আদায় করা হবে। কথাটি নিজের বানানো নয়; বরং কোরআনে কারীমের নিম্নোক্ত আয়াতের ব্যাপারে-

كنتم خير أمة أخرجت للناس ، تأمرون بالمعروف وتنهون عن المنكر وتؤمنون بالله.

হযরত আব্দুল্লাহ বিন আব্বাস রা. এর তাফসীর এর সাক্ষী। পাশাপাশি তাফসীরে রূহুল মা'আনী এর লেখক মোল্লা আলী ক্বারী রহ.ও বলেন যে, এখানে "অপরিচিত" বলতে মুজাহিদীন উদ্দেশ্য।

غرباء "অপরিচিত" শব্দের ব্যাখ্যা "مختصر تاريخ دمشق" গ্রন্থের ঐ হাদিস থেকে পরিপূর্ণ রূপে পাওয়া যায়, যা বর্তমান যমানার সাথে পরিপূর্ণ মানানসই। হাদিসটি নিম্নরূপ-

حدث أبو الحسن الخولاني القزاز المكفوف حدث عن محمد بن سليمان المنقري بسنده إلى عبد الله بن عمرو قال: قال رسول الله صلّى الله عليه وسلّم يوماً: " طوبى للغرباء " ، قيل:يا رسول الله ومن الغرباء؟ قال: " أناس صالحون قليل في ناس كثير، من يبغضهم أكثر ممن يحبهم، ومن يعصيهم أكثر ممن يطيعهم ".

অনুবাদ- আব্দুল্লাহ বিন আমর রা. থেকে বর্ণিত, তিনি বলেন যে, নবী করীম সা. একদা বলতে লাগলেন- সুসংবাদ ঐ সকল অপরিচিত ব্যক্তিদের জন্য..!! তখন জিজ্ঞাসা করা হল- হে আল্লাহর রাসূল! অপরিচিত কারা..?? উত্তরে বললেন- তারা হচ্ছে অনেক মানুষের মধ্যে কতিপয় নেককার বান্দা। (তাদের পরিচয় হচ্ছে) তাদের উপর রাগান্বিত ব্যক্তিদের সংখ্যা মহব্বতকারীদের তুলনায় বেশি হবে এবং তাদের বিরুদ্ধাচারণকারীদের সংখ্যা অনুসরণকারীদের তুলনায় অধিক হবে।

عن عبد الله بن عمرو رضي الله عنه ، قال: قال رسول الله صلى الله عليه وسلم: أحب شيء إلى الله تعالى الغرباء ، قيل: من الغرباء ؟ قال: الفرارون بدينهم يبعثهم الله يوم القيامة مع عيسى بن مريم عليهما السلام. (حلية الأولياء ، أبو نعيم،ج:1ص:25 ، كتاب الزهد الكبير،ج:2ص:116)

অনুবাদ- হযরত আব্দুল্লাহ বিন আমর রা. হতে বর্ণিত, রাসূলে কারীম সা. বলেন- আল্লাহ তা'লার কাছে সর্বাধিক প্রিয় হচ্ছে "গুরাবা" বা অপরিচিত ব্যক্তিবর্গ। জিজ্ঞাসা করা হয়- অপরিচিত কারা..? বলেন- যারা তাদের দ্বীন নিয়ে দূরে পলায়ন করবে। কেয়ামতের দিন আল্লাহ তা'লা তাদেরকে ঈসা আ. এর সাথে উঠাবেন।

عن أبي سعيد الخدري رضي الله عنه أنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: يوشك أن يكون خيرَ مال المسلم غنم يتبع بها شعفَ الجبال ومواقع القطر يفرُّ بدينه من الفتن. (صحيح البخاري،ج:1ص: 15 ، مصنف ابن أبي شيبة،ج:7ص:448 ، مسند أبي يعلى،ج:2ص:271)

অনুবাদ- হযরত আবূ সাইদ খুদরী রা. হতে বর্ণিত, রাসূলে কারীম সা. এরশাদ করেন যে, খুব কাছে সে সময়, যখন মুসলমানদের সর্বোৎকৃষ্ট মাল হবে ঐ সকল বকরী, যা নিয়ে সে পাহাড়ের গর্তসমূহে এবং (দূরদূরান্তের) বীরান এলাকাগুলোতে চলে যাবে। দ্বীনকে বাঁচানোর জন্য এভাবে সে ফেতনাসমূহ থেকে পলায়ন করবে।

এই হাদিসেও সুস্পষ্ট ইঙ্গিত রয়েছে যে, ঐ সকল স্থানে বাস করে ঈমান রক্ষা করা কঠিন হয়ে পড়বে, যেখানে ইবলিসী মুর্খ সভ্যতা এবং শয়তানী বাণিজ্যিক ব্যবস্থা ব্যাপক হয়ে যায়। কেননা, সে যদি ওখানেই থাকে, তবে অবশ্যই তাকে সুদী কারবারীতে লেনদেন করতে হবে অথবা কমছেকম নিশ্চুপ থাকতে হবে। আর এমন স্থানে চুপ থাকাও সন্তুষ্টির নিদর্শন।

বাস্তবেই সুসংবাদ পাওয়ার যোগ্য ঐ সকল ব্যক্তিবর্গ, যারা বর্তমান সময়ে ঘরবাড়ী, ধনদৌলত এবং সর্বস্ব ত্যাগ করে দিয়ে নিজেদের ঈমান বাঁচানোর তাগিদে পাহাড়ের গুহাকে আশ্রয়স্থল বানিয়েছে। এমন এক সময়ে, যখন ইবলিসী বাণিজ্য ব্যবস্থা নিউ ওয়ার্ল্ড অর্ডারের নামে প্রতিটি মুসলমানকেই সুদী কারবারীর সাথে জড়িয়ে দিয়েছে। যদি কেও প্রকাশ্যে সুদী কারবারীতে অংশীদার নাও হয়ে থাকে, তবে অন্ততপক্ষে তার গায়ে সুদের হাওয়া হলেও লাগছে। এমন এক সময়ে, যখন উম্মাতের সর্বসম্মানিত স্তর, দ্বীনের ধারক বাহক উলামায়ে কেরামকে শরিয়তবিরোধী ফতোয়া প্রদান করতে বাধ্য করা হচ্ছে। সমস্ত দাজ্জালী শক্তি "মানুষই সকল ক্ষমতার উৎস" ধ্বনি দিয়ে প্রকাশ্য কুফরীর ঘোষনা করছে। আর শুধুমাত্র আল্লাহর সামনে মাথা নত করার প্রতিশ্রুত মুসলমানগণ আজ ইবলিসী জীবনব্যবস্থাকে সঙ্গী করে প্রকাশ্যে আল্লাহর সাথে শরীক সাব্যস্ত করছে। বক্তাগণ নিশ্চুপ...। ইল্লা মা..শাআল্লাহ কতিপয় কলমসৈনিক ব্যতিত..!! সকলেই আজ হয়তবা কলমের পবিত্রতাকে বিক্রি করে দিয়েছে, আর নাহয়ত বাতিল শক্তির এজেন্টগণ তাদের কলমের কালি কেড়ে নিয়েছে। তারা আজ কোরআনে কারীমের ঐ সকল আয়াতকে ঘোলাটে করে দিয়েছে, যা মুসলমানদেরকে বাতিলের সামনে মাথা উচুঁ করে দাড়ানোর শিক্ষা দিয়ে থাকে। যেভাবে মুসলমানগণ আজ সামাজিক কল্যাণের নামে প্রতারণার সাথে নিজেদেরকে জড়িয়ে নিচ্ছে, যদি তাদের যুগেই দাজ্জাল আত্মপ্রকাশ করে খোদায়ীর ঘোষনা করে, তবে অবশ্যই তারা এসকল কল্যাণ থেকে নিজেদের মুক্ত করতে চাইবেনা। কেননা, এখনই দাজ্জালের এজন্টগণ মুখ থেকে উচ্চারণ করতে শুরু করেছে যে, হয়ত আমাদের কাতারে শামিল হয়ে যাও! আর না হয় দুশমনদের কাতারে..! অপরদিকে মুহাম্মাদে আরাবী সা. এর হাদিসগুলোও আজ

মুসলমানদেরকে আহবান করছে যে, ওহে মুসলমান! প্রতিশ্রুত সময় এসে গেছে! এখনই সময়...! যাও!! আল্লাহওয়ালাদের কাতারে গিয়ে শামিল হয়ে যাও। মাঝখানে আর দ্বিতীয় কোন রাস্তা নেই।

সুসংবাদ তাদের জন্য, যারা ঈমান বাঁচানোর তাগিদে পাহাড়কে আশ্রয়স্থল বানিয়েছে।

জিহাদ কি বন্ধ হয়ে যাবে...??

عن أنس بن مالك رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: الجهاد ماض منذ بعثني الله إلى أن يقاتل آخر أمتي الدجال ، لا يبطله جور جائر ولا عدل عادل. (أبو داود،ج:3ص:18 ، كتاب السنن،ج:2ص:167 ، مسند أبي يعلى:4311 ، سنن البيهقي الكبرى)

অনুবাদ- হযরত আনাছ বিন মালিক রা. হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- আল্লাহ তা'লা যে মুহূর্ত থেকে আমাকে প্রেরণ করেছেন, সেই মুহূর্ত থেকে জিহাদ চলছে। (জিহাদ ততক্ষণ পর্যন্ত জারী থাকবে) যতক্ষণ না আমার উম্মতের সর্বশেষ দল দাজ্জালকে হত্যা করে ফেলে। এই জিহাদকে কেউ রুখতে পারবেনা... না কোন অত্যাচারী বাদশার অত্যাচার। আর না কোন ন্যায়পরায়ণ শাসকের ইনসাফ।

عن جابر بن سمرة رضي الله عنه ، عن النبي صلى الله عليه وسلم أنه قال: لن يبرح هذا الدين قائما يقاتل عليه عصابة من المسلمين حتى تقوم الساعة. (مسلم،ج:3ص:1524)

অনুবাদ- হযরত জাবের রা. হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- এই দ্বীন বাকী থাকবে। দ্বীনকে রক্ষা করতে কেয়ামত পর্যন্ত একটি দল সর্বদায় শত্রুদের সাথে যুদ্ধ করতে থাকবে।

عن عبد الرحمن بن زيد بن أسلم عن أبيه ، أن رسول الله صلى الله عليه وسلم قال: لا يزال الجهاد حلوا أخضر ما قطر القطر من السماء ، وسيأتي على الناس زمان يقول فيه قراء منهم: ليس هذا زمان جهاد ، فمن أدرك ذلك الزمان ، فنعم زمان الجهاد. قالوا: يا رسول الله: واحد يقول ذلك ؟ قال: نعم.. من عليه لعنة الله والملائكة والناس أجمعين. (السنن الواردة في الفتن،ج:3ص:751) وعبد الرحمن بن زيد بن أسلم ضعيف.

অনুবাদ- আব্দুর রহমান বিন যায়েদ বিন আসলাম রা. উনার পিতা হতে বর্ণনা করেন যে, নবী করীম সা. এরশাদ করেছেন- যতদিন পর্যন্ত আসমান হতে বৃষ্টির ফোটা পড়বে, ততদিন পর্যন্ত জিহাদ তরতাজা থাকবে (অর্থাৎ কেয়ামত পর্যন্ত)। মানুষের উপর এমন এক যমানা আসবে- যে যমানায় শিক্ষিত ব্যক্তিবর্গও

বলতে থাকবে যে, এটা জিহাদের যমানা নয়। (রাসূল বলেন-) তোমরা যারা ঐ যমানা পাবে, সে যমানায় জিহাদ জারী রাখবে। সেটি জিহাদের জন্য অতি উত্তম যমানা হবে। সাহাবায়ে কেরাম জিজ্ঞেস করলেন- হে আল্লাহর রাসূল! এ কথা কি কোন শিক্ষিত ব্যক্তি বলতে পারবে..?? রাসূল বলেন- হ্যাঁ...! ঐ শিক্ষিত ব্যক্তিই এ কথা বলতে পারবে, যার উপর আল্লাহর অভিশাপ, সকল ফেরেশ্তার অভিশাপ এবং সমগ্র মানুষের অভিশাপ বর্ষিত হবে।

عن الحسن رضي الله عنه ، أنه قال: سيأتي على الناس زمان يقولون: لا جهاد ، فإذا كان ذلك فجاهدوا، فإن الجهاد أفضل. (كتاب السنن،ج:2ص:176)

অনুবাদ- হযরত হাছান রা. হতে বর্ণিত, তিনি বলেন যে, মানুষের উপর এমন এক যমানা আসবে, যখন মানুষেরা বলতে থাকবে- এখন আর জিহাদের দরকার নেই। (রাসূল বলেন) সুতরাং তোমরা ঐ সময় জিহাদ করতে থাক। কেননা, সেটা জিহাদের জন্য উত্তম যমানা হবে।

হযরত ইবরাহীম রা. থেকে বর্ণিত যে, মানুষেরা উনার সামনে বলতে লাগল যে, অনেকেই বলে- এখন আর কোন জিহাদ নেই। একথা শুনে তিনি বলতে লাগলেন- এ কথাটি শয়তানের পক্ষ থেকে ছড়ানো হয়েছে। (مصنف ابن أبي شيبة:ج:6ص:509)

যদিও উপরোক্ত হাদিসের যথাযথ প্রয়োগ উসমানী খেলাফত ভেঙ্গে যাওয়ার পরবর্তী যুগের উপর প্রযোজ্য হয়। তারপরও এক্ষেত্রে বর্তমান যমানা থেকে সুস্পষ্ট যমানা আর কোনটি হতে পারে ? মুর্খ লোকদের কথা বাদ দিন- আজকাল শিক্ষিত ব্যক্তিবর্গের মুখ থেকেও ঐ কথা শুনা যায়, যার ব্যাপারে নবী করীম সা. ইঙ্গিত করে গিয়েছেন। বিশেষত তালেবানদের পতনের পর তো মনে হচ্ছিল যে, পৃথিবীর আবহাওয়াটাই পরিবর্তন হয়ে গেছে।

সুতরাং জিহাদকারীদেরকে কারো কোন কথা, বিরুদ্ধাচারণ বা কোন তিরস্কারের প্রতি কর্ণপাত না করা চাই। কেননা, তাদেরকে তো প্রিয়নবী সা.-ই সান্ত্বনা দিয়ে গেছেন যে, ঐ সময় জিহাদ করাটা উত্তম জিহাদ বলে বিবেচিত হবে। মুজাহিদীনকে পূর্ণ একনিষ্ঠতা এবং একমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্য নিজেদের কাজ চালিয়ে যেতে হবে।

মুসলমানদের উপর অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ...

عن جابر بن عبد الله رضي الله عنهما قال : يوشك أهل العراق أن لا يجيء إليهم درهم و لا قفيز قالوا : مِمّ ذاك يا أبا عبد الله ؟ قال : من قبل العجم يمنعون ذاك ، ثم سكت هنيهة ثم قال : يوشك أهل الشام أن لا يجيء إليهم دينار و لا مد قالوا : مِمّ ذاك يا أبا عبد الله ؟ قال : من قبل الروم يمنعون ذلك ثم قال : قال رسول الله صلى الله عليه و سلم : يكون في أمتي خليفة يحثي المال حثيا لا يعده عدا ثم قال : و الذي نفسي بيده ليعودن الأمر كما بدأ ، ليعودن كل إيمان إلى المدينة كما بدأ منها حتى يكون كل إيمان بالمدينة ثم قال : قال رسول الله صلى الله عليه و سلم : لا يخرج رجل من المدينة رغبة عنها إلا أبدلها الله خيرا منه ، و ليسمعن ناس برخص من أسعار و ريف فيتبعونه و المدينة خير لهم لو كانوا يعلمون . هذا حديث صحيح على شرط مسلم ولم يخرجاه بهذه السياق ، إنما أخرج مسلم حديث داود بن أبي هند عن أبي نضرة عن أبي سعيد عن النبي صلى الله عليه و سلم : يكون في آخر الزمان خليفة يعطي المال لا يعده عدا، وسكت عنه الذهبي في التلخيص. (المستدرك،ج:4ص:456)

অনুবাদ- হযরত জাবের রা. বলেন- ঐ সময় খুবি নিকটবর্তী, যখন ইরাকবাসীর কাছে ধনসম্পদ বা খাদ্যদ্রব্য পৌছার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হবে। জিজ্ঞেস করা হয়- কাদের পক্ষ থেকে এ নিষেধাজ্ঞা

আরোপ করা হবে ? বললেন- অনারব (Non Arabs) দের পক্ষ থেকে। অতপর কিছুক্ষণ চুপ থেকে পূণরায় বলতে লাগলেন- ঐ সময়ও খুব নিকটবর্তী, যখন শামবাসীদের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হবে। জিজ্ঞেস করা হল- এটা তাহলে কার পক্ষ থেকে করা হবে ? বললেন- রূমক (পশ্চিমা)দের পক্ষ থেকে করা হবে। অতপর বলেন যে, নবী করীম সা. এরশাদ করেছেন- আমার উম্মতের মধ্যে একজন খলীফা (শাসক) হবে, যে মানুষকে দু'হাত ভরে ধনসম্পদ প্রদান করবে, কোন হিসাব করবেনা। রাসূল সা. আরো বলেন যে, ঐ সত্তার কসম, যার হাতে আমার প্রাণ নিহীত! অবশ্যই ইসলাম তার প্রাথমিক অবস্থার দিকে ফিরে আসবে, ঠিক যেমনভাবে মদীনা থেকে সূচনা হয়েছিল। এমনকি পরিপূর্ণ ঈমান শুধু মদীনার গন্ডির ভেতরেই রয়ে যাবে। রাসূল সা. বলেন- যখনই কোন মানুষ বিমুখতা নিয়ে মদীনা থেকে বের হয়ে যাবে, তখনই আল্লাহ তা'লা তার চেয়ে উত্তম ব্যক্তিদেরকে ওখানে আবাদ করে দেবেন। মদীনার কিছু মানুষ শুনবে যে, অমুক স্থানের খাদ্যদ্রব্যগুলো খুবই সস্তা এবং ওখানে খুব বেশি ফসল ফলে থাকে। একথা শুনে মদীনা ছেড়ে তারা ওই এলাকায় চলে যাবে। অথচ তারা এটা জানেনা যে, মদীনাই তাদের জন্য উত্তম বাসস্থান ছিল।

ইরাকের উপর নিষেধাজ্ঞা আরোপের ভবিষ্যদ্বানীটি বাস্তবায়িত হয়েছে। সুতরাং হে ঈমানদারগণ! এখন আর কিসের অপেক্ষায় বসে আছেন ??!!

মদীনাতে কোন মুনাফিক বসবাস করতে পারবেনা। শুধুমাত্র ঐ সকল ব্যক্তিরাই ওখানে থাকতে পারবে, যারা আল্লাহর দ্বীনকে উচুঁ করার জন্য সর্বস্ব ত্যাগ করার হিম্মত বুকে লালন করবে। কেননা, মুসলিম শরীফে হযরত আনাছ রা. হতে একটি হাদিস বর্ণিত হয়েছে, যেখানে নবী করীম সা. বলেছেন যে, দাজ্জাল যখন মদীনার বাইরে এসে গর্জন শুরু করবে, তখন মদীনায় তিনটি মারাত্মক ভূমিকম্প হবে। যার ভয়ে দুর্বল ঈমানবিশিষ্ট লোকেরা মদীনা থেকে বের হয়ে কাফেরদের সাথে মিলিত হয়ে যাবে।

হযরত আবূ নাযরা (তাবেয়ী) বলেন- আমরা জাবির বিন আব্দুল্লাহ রা. এর খেদমতে বসা ছিলাম। এমনসময় তিনি বলতে লাগলেন যে, খুব কাছে সে সময়, যখন শামবাসীদের কাছে না দীনার এসে পৌছাবে, না খাদ্যদ্রব্য এসে পৌছাবে। আমরা জিজ্ঞাস করলাম- কাদের পক্ষ থেকে এ নিষেধাজ্ঞা অর্পিত হবে ? বললেন- রূমকদের পক্ষ থেকে। কিছুক্ষণ চুপ থেকে পূণরায় বলতে লাগলেন যে, নবী করীম সা. বলেছেন- আমার উম্মতের মধ্যে একজন খলীফা হবে, যে মানুষের কাছে প্রচুর পরিমাণে ধনসম্পদ বন্টন করে দেবে, কোন হিসাব করবেনা। (مسلم شريف،ج:2ص:395)

হযরত আবূ সালেহ (তাবেয়ী) আবূ হুরায়রা রা. থেকে বর্ণনা করেন যে, মিসরের উপরও অনুরূপ নিষেধাজ্ঞা আরোপ করা হবে। (مسلم شريف:2896 ، أبو داود:3035)

আরবদের উপর সামুদ্রিক নিষেধাজ্ঞা...

عن كعب رضي الله عنه ، قال: يوشك أن يزيح البحر الشرقي حتى لا يجري فيه سفينة وحتى لا يجوزَ أهل قرية إلى قرية ، وذلك عند الملاحم ، وذلك عند خروج المهدي. (السنن الواردة في الفتن)

অনুবাদ- হযরত কা'ব রা. হতে বর্ণিত, তিনি বলেন যে, অচিরেই পূর্বদিকের সমুদ্র দূরবর্তী হয়ে যাবে, এমনকি তাতে কোন সামুদ্রিক জাহাজ চলাচল করতে পারবেনা। যারফলে লোকেরা এক এলাকা থেকে অন্য এলাকায় যাতায়াত করতে সক্ষম হবেনা। এ পরিস্থিতি বিশ্বযুদ্ধের সময় সামনে আসবে। আর বিশ্বযুদ্ধ ইমাম মাহদীর সময় সংঘটিত হবে।

পূর্ব দিকের সমুদ্র বলতে এখানে আরব সাগর উদ্দেশ্য। দূরবর্তী হওয়ার দ্বারা উদ্দেশ্য হল যে, ওখানে পৌছা দুস্কর হয়ে যাবে। যারফলে আরব সাগরে আমদানী-রপ্তানী বন্ধ হয়ে যাবে।

এখন আপনি পৃথিবীর মানচিত্র হাতে নিন এবং আরবদ্বীপের চতুর্পার্শ্বে মার্কিন সামুদ্রিক বাহিনী কর্তৃক

নিয়ন্ত্রিত স্থানগুলো লক্ষ করুন, কোথায় কোথায় মার্কিনীদের পক্ষ থেকে সেনাঘাটি এবং বিমানঘাটি স্থাপন করা হয়েছে। তাহলেই উপরোক্ত বর্ণনাটি আপনার সহজে বুঝে আসবে। করাচী বন্দর থেকে নিয়ে সোমালিয়া পর্যন্ত সকল সামুদ্রিক বন্দরগুলো এখন কুফরী শক্তির দখলে। নাইন-ইলেভেনের পর থেকে ভারতসাগর এবং আরবসাগরে চলাচলকারী সামুদ্রিক জাহাজগুলোকে কঠোরভাবে চ্যাকিং করা হচ্ছে। বিশেষত পাকিস্তান থেকে আসা জাহাজগুলোকে অনেক সমস্যার মুখে পড়তে হচ্ছে। সামনের দিনগুলিতে এ চ্যাকিং আরো কঠিন হয়ে উঠবে। ফলে একস্থান হতে অন্য স্থানে যাতায়াত করা দুস্কর হয়ে পড়বে।

বিশ্বের মানচিত্রের উপর যদি নজর দেয়া হয়, তবে দেখবেন- বর্তমান সময়ে দাজ্জালী শক্তিগুলো মক্কা ও মদীনাকে চতুর্পার্শ্ব দিয়ে বেষ্টন করে রেখেছে। সামুদ্রিক বন্দরগুলোতে ঘাটি করে নৌপথগুলোকে দখলে নিয়ে নিয়েছে। জলভাগের পাশাপাশি স্থলভাগেও জাগায় জাগায় বিমানঘাটি করে এ দু'টি শহরকে তারা পরিপূর্ণরূপে ঘিরে রেখেছে। লক্ষ করুন.. (পতাকা চিহ্নিত স্থানসমূহে কুফুরী শক্তি ঘাটি গেড়ে বসে আছে..)



অবস্থাদৃষ্টে মনে হচ্ছে যে, দাজ্জালের শক্তিগুলো ইমাম মাহদী পর্যন্ত পৌছতে পারে- এমন সকল রসদ ও ক্যামিক'কে সর্বদিক দিয়ে রুখে দিতে চায়। পাশাপাশি বিশেষ স্থানগুলোতে তারা পূর্ণ কন্ট্রোল প্রতিষ্ঠা করতে চায়, যেখান থেকে ইমাম মাহদী আ. এর দলকে শক্তিশালী করার জন্য মুজাহিদীন আসার সম্ভাবনা রয়েছে।

মদীনা মুনাওয়ারা অবরোধ...

أخبرنا الحسن بن سفيان قال : حدثنا إبراهيم بن المنذر الحزامي قال : حدثنا ابن وهب قال : حدثنا جرير بن حازم عن عبيد الله بن عمر عن نافع : عن ابن عمر : قال : قال رسول الله صلى الله عليه و سلم : يوشك المسلمون أن يحصروا بالمدينة حتى يكون أبعد مسالحهم سلاح. قال شعيب الأرنؤوط :

إسناده صحيح على شرط البخاري. (مشكاة، باب الملاحم ، رواه أبو داود ، صحيح ابن حبان:6771)

হযরত আব্দুল্লাহ ইবনে উমর রা. হতে বর্ণিত, তিনি বলেন যে, নবী করীম সা. এরশাদ করেছেন, অচিরেই মুসলমানদেরকে মদীনার ভেতরে অবরোধ করে ফেলা হবে। শেষপর্যন্ত "ছালাহ" নামক স্থানে এসে চূড়ান্ত পর্যায়ের অবরোধ করা হবে। "ছালাহ" হচ্ছে খায়বার অঞ্চলের একটি নিচু এলাকার নাম।

"খায়বার" হচ্ছে মদীনা মুনাওয়ারা থেকে ৬০ মাইল দূরে অবস্থিত একটি এলাকা। বর্তমানে মার্কিন সেনাবাহিনী মদীনা মুনাওয়ারা থেকে মাত্র কয়েক কিঃ মিঃ দূরেই অবস্থান করছে।

হযরত মিহজান বিন আদরা' রা. বলেন- নবী করীম সা. একদিন মানুষের সামনে ভাষন দেয়ার জন্য দাড়ালেন। বললেন- يوم الخلاص ، يوم الخلاص ، يوم الخلاص ، কেহ জিজ্ঞাসা করল- يوم الخلاص কি ?? উত্তরে নবী করীম সা. বলতে লাগলেন- দাজ্জাল আসবে। উহুদ পর্বতের উপর আরোহন করে মদীনার দিকে ইঙ্গিত করে সাথীদেরকে বলবে- "তোমরা কি ঐ সাদা প্রাসাদটি দেখতে পাচ্ছো ?? এটি হচ্ছে আহমদের মসজিদ! অতপর সে মদীনার দিকে আসতে থাকলে মদীনায় প্রবেশ করার প্রতিটি রাস্তায় সে ধারালো তরবারী নিয়ে দাড়ানো ফেরেশ্তাদের দেখতে পাবে। ফলে সে سبخة الجرف নামক স্থানে স্বীয় তাবু (ঘাটি)তে ফিরে এসে সর্বশক্তি দিয়ে ভূমিতে আঘাত করবে। ফলে মদীনাতে বড় ধরনের তিনটি ভূমিকম্প অনুভূত হবে। জানপ্রাণের ভয়ে সকল ফাসিক-মুনাফিক নারী-পুরুষ মদীনা থেকে বের হয়ে দাজ্জালের সাথে চলে যাবে। এভাবেই মদীনা সকল প্রকার পাপিষ্ঠকে দূরে নিক্ষেপ করে পূতপবিত্র হয়ে যাবে। এটাই হচ্ছে يوم الخلاص বা মুক্ত করার দিন। (হাদিসটি মুসলিমের শর্তানুযায়ী সহীহ, ইমাম যাহাবী রা. এ ব্যাপারে একমত পোষন করেছেন। পাশাপাশি আলবানী রহ.-ও বর্ণনাটিকে সহীহ বলেছেন। (مستدرك على الصحيحين،ج:4ص:586)

স্যাটেলাইট থেকে তুলা ছবিতে মদীনা শরীফ। ঠিক সাদা প্রাসাদের মত

দাজ্জাল মসজিদে নববীকে দেখে বলবে- "এটা হচ্ছে আহমদের সাদা প্রাসাদ। রাসূলে কারীম সা. যখন কথাটি বলছিলেন, তখন মসজিদে নববী সম্পূর্ণ সাদামাটা অবস্থায় ছিল। খেজুরের পাতা আর মাটির দেয়ালে বানানো সাধারণ একটি ঘরের মত। আর বর্তমান যমানায় যদি মদীনার মসজিদকে কোন উঁচু জায়গা থেকে প্রত্যক্ষ করা হয়, তবে অন্যান্য বিল্ডিংগুলোর মাঝে এটিকে ঠিক একটি বড় প্রাসাদের মত মনে হয়। স্যাটেলাইটে মদীনার মানচিত্র প্রত্যক্ষ করলে লক্ষ করবেন যে, মসজিদে নববী সম্পূর্ণ সাদা দেখা যায়। পাশাপাশি অপর একটি বর্ণনায় দাজ্জালের আগমনের সময় মদীনার সাতটি দরজা থাকার কথা উল্লেখ করা হয়েছে। দাজ্জালের অনিষ্টতা থেকে মদীনাকে রক্ষা করার জন্য তখন মদীনার প্রতিটি দরজায় একজন করে ফেরেশ্তা তরবারী হাতে নিয়ে দাড়িয়ে থাকবে, যাদেরকে দেখে দাজ্জাল ভয়ে পলায়ন করবে। এর মাধ্যমে মদীনার সাতটি রাস্তা-ও উদ্দেশ্য হতে পারে। আর বর্তমান সময়ে মদীনা শহরে ঢুকার জন্য সাতটি বড় সড়ক বিদ্যমান :-

আশপাশের এলাকা থেকে মদীনা নগরীতে ঢুকার প্রধান সড়কসমূহ

(১) জেদ্দা থেকে আসা সড়ক।

(২) মক্কা মুকাররমা থেকে আসা সড়ক।

(৩) "রাবীগ" এলাকা থেকে আসা সড়ক।

(৪) এয়ারপোর্ট থেকে আসা সড়ক।

(৫) "তাবুক" অঞ্চল থেকে আসা সড়ক।

(৬) ও (৭) আশপাশের এলাকা (Outskirts) থেকে আসা দু'টি সড়ক।

ঈমানদারদের জন্য খুবই চিন্তা-গবেষনার বিষয়...।

ইয়েমেন ও শামবাসীদের জন্য রাসূলের দোয়া...

عن عبد الله بن عمر رضي الله عنهما قال: قال رسول الله صلى الله عليه وسلم: اللهم بارك لنا في شامنا ، اللهم بارك لنا في يمننا ، قالوا: وفي نجدنا ؟ قال: اللهم بارك لنا في شامنا ، اللهم بارك لنا في يمننا ، قالوا: يا رسول الله وفي نجدنا ؟ فأظنه قال في الثالثة: هناك الزلازل والفتن ، وبها يطلع قرن الشيطان. (صحيح البخاري:6681، مسند أحمد:5987)

অনুবাদ- হযরত আব্দুল্লাহ বিন উমর রা. হতে বর্ণিত, রাসূলে কারীম সা. একদা দোয়া করছিলেন- হে আল্লাহ! আমাদের শাম এলাকায় তুমি বরকত দান কর! হে আল্লাহ! আমাদের ইয়েমেন এলাকায় তুমি বরকত দান কর! উপস্থিত সাহাবায়ে কেরাম বললেন- আমাদের "নাজদ" এলাকার জন্য দোয়া করলেন না ? তখন রাসূল পূণরায় দোয়া করতে লাগলেন- হে আল্লাহ! আমাদের শাম এলাকায় তুমি বরকত দান কর! হে আল্লাহ! আমাদের ইয়েমেন এলাকায় তুমি বরকত দান কর! সাহাবায়ে কেরাম আবার বললেন- হে আল্লাহর রাসূল! আমাদের "নাজদ" এলাকার জন্য দোয়া করলেন না ? (বর্ণনাকারী বলেন-) আমার ধারণা যে, রাসূলে কারীম সা. তৃতীয়বার বলেছিলেন যে, নাজদ হচ্ছে ভূমিকম্প ও ফেতনাসমূহের স্থান এবং নাজদের দিক থেকেই শয়তানের শিং উদিত হয়।

শাম বলতে বর্তমান ফিলিস্তীন, ইসরায়েল, লেবানন, সিরিয়া ও জর্ডানকে বুঝানো হত। শাম এবং ইয়েমেন এলাকাদ্বয়ের জন্য রাসূলের দোয়ার বরকত তো বর্তমান সময়েও দিবালোকের ন্যায় স্পষ্ট। আল্লাহ পাক রাব্বুল আলামীন হক-বাতিলের সর্বশেষ এ যুদ্ধে ফিলিস্তীন, শাম ও ইয়েমেনের মুজাহিদনীকে যে অংশ দান করেছেন, তাতে রাসূলের দোয়ার বরকত অক্ষরে অক্ষরে অনুভূত হয়। বর্তমান সময়ে কুফুরী শক্তিদের আরামের ঘুম হারামকারী সিংহভাগ ব্যক্তিবর্গই শাম এবং ইয়েমেনের সাথে সম্পর্ক রাখেন। স্বয়ং উছামা বিন লাদেন-ও ইয়েমেনের বংশোদ্ভূত। শেখ আইমান আল জাওয়াহীরী-ও ইয়েমেন থেকে এসেছেন। চেচনিয়ার সুপ্রসিদ্ধ কমান্ডার শহীদ খাত্তাব রহ.এর সম্পর্কও ইয়েমেনের সাথে। "নাজদ" বলতে বর্তমান সৌদী আরবের রাজধানী "রিয়াদ" ও তার আশপাশের এলাকাকে বুঝায়।



বিভিন্ন এলাকায় অবনতি ও ধস...

عن معاذ بن جبل رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: عمران بيت المقدس خراب يثرب ، وخراب يثرب خروج الملحمة ، وخروج الملحمة فتح القسطنطينية ، وفتح القسطنطينية

خروج الدجال ، قال: ثم ضرب بيده على فخذ الذي حدثه أو منكبه ، ثم قال: إن هذا الحق كما أنك قاعد هاهنا أو كما أنت قاعد. قال العلامة الألباني عن رواية أبي داود: حسن. (أبو داود،ج:4ص:110 ، مسند أحمد،ج:4ص:245 ، مصنف ابن أبي شيبة)

অনুবাদ- হযরত মুআয বিন জাবাল রা. বলেন যে, নবী করীম সা. বলেছেন- বায়তুল মাকদিস আবাদ হওয়া মানেই মদীনা বিনাশ হওয়া। মদীনা বিনাশ হওয়া মানেই বিশ্বযুদ্ধ শুরু হওয়া। বিশ্বযুদ্ধ শুরু হওয়া মানেই মুসলমানদের হাতে কুস্তানতীনীয়্যা বিজয় হওয়া। কুস্তানতীনীয়্যা বিজয় হওয়া মানেই দাজ্জাল আত্মপ্রকাশ করা। অতপর তিনি বর্ণনাকারী সাহাবীর উড়ুতে বা কাধেঁ হাত মেরে বললেন যে, এ ঘটনাগুলি এমনই বাস্তব ও সত্য, যেমননাকি তোমার এখানে বসে থাকাটি বাস্তব ও সত্য। (অথবা বলেছেন) যেমননাকি তুমি এখানে বসা।

বিভিন্ন অঞ্চলের বিনাশ ও ধ্বংসের ব্যাপারে যে সকল হাদিস বর্ণিত হয়েছে, এর সবগুলোতেই আরবী "খারাব" শব্দ ব্যবহৃত হয়েছে। যার মাধ্যমে সার্বিক বিনাশ বা আনুসাঙ্গিক বিনাশ- সবই উদ্দেশ্য হতে পারে।

বাইতুল মাকদিস (জেরুজালেম) আবাদ হওয়ার অর্থ হল- ইহুদীরা ওখানে শক্তিশালী হওয়া এবং মসজিদের আশপাশের এলাকায় জনবসতি, ব্যবসা-বাণিজ্য এবং ধনসম্পদের প্রাচুর্য দেখা দেওয়া। বর্তমান সময়ে এর সবগুলোই বাস্তবায়িত হয়ে গেছে। বাইতুল মাকদিসে ইসরায়েলী করায়ত্ব প্রতিষ্ঠার পর ইহুদীদের অশুভ দৃষ্টি এখন মদীনার দিকে রয়েছে। উপসাগরীয় যুদ্ধের সময় মার্কিন সেনাবাহিনীদের আরব উপদ্বীপে (জাযীরাতুল আরবে) আগমন মূলত এতদুদ্দেশ্য বাস্তবায়নকে কেন্দ্র করেই হয়েছিল- যার ভবিষ্যদ্বানী রাসূলে কারীম সা. করে গিয়েছিলেন। আর একারণেই ঈমানদারগণ ইহুদীদের এ ষড়যন্ত্রটিকে বুঝতে পেরেছিলেন। আল্লাহর খাটি বান্দাগণ আমেরিকার বিরুদ্ধে যুদ্ধের ঘোষনা করেছিলেন। এভাবেই বর্তমান সময়ে চলমান হক বাতিলের এ সর্বশেষ যুদ্ধটি ধীরে ধীরে চূড়ান্ত পর্যায়ের সীমানায় প্রবেশ করতে শুরু করেছে।

عن وهب بن منبه رضي الله عنه قال: الجزيرة آمنة من خراب حتى يخرب مصر ، ولا تكون الملحمة الكبرى حتى تخرب الكوفة ، فإذا كانت الملحمة الكبرى فتحت القسطنطينية على يد رجل من بني هاشم ، وخراب الأندلس وخراب الجزيرة من سنابك الخيل واختلاف الجيوش فيها ، وخراب العراق من قبل الجوع والسيف ، وخراب أرمينية من قبل الرجف والصواعق ، وخراب الكوفة من قبل العدو ، وخراب البصرة من قبل الغرق ، وخراب أبلة من قبل العدو ، وخراب الري من قبل الديلم ، وخراب خراسان من قبل تبت ، وخراب تبت من قبل سند ، وخراب السند من قبل الهند ، وخراب اليمن من قبل الجراد والسلطان ، وخراب مكة من قبل الحبشة ، وخراب المدينة من قبل الجوع. (السنن الواردة في الفتن،ج:4ص:885)

অনুবাদ- হযরত ওয়াহব বিন মুনাব্বাহ রা. বলেন- আরব উপদ্বীপ ততক্ষণ পর্যন্ত অধঃপতনের সম্মুখীণ হবেনা, যতক্ষণ না মিসর অধঃপতনের সম্মুখীন হবে। বিশ্বযুদ্ধ ততক্ষণ পর্যন্ত শুরু হবেনা, যতক্ষণ না কূফা'র (ইরাকের একটি শহর) বিনাশ ঘটবে। যখন বিশ্বযুদ্ধ শুরু হবে, তখন বনী হাশেম গোত্রের একজন ব্যক্তির নেতৃত্বে কুস্তানতীনীয়্যা বিজয় হবে। স্পেন ও আরবদ্বীপের অধঃপতন ঘটবে ঘোড়ার পা এবং সেনাবাহিনীদের পারস্পরিক মতানৈক্যের কারণে। ইরাকের অধঃপতন ঘটবে ক্ষুধা (অভাব) ও তরবারীর কারণে। আরমেনিয়ার অধঃপতন ঘটবে ভূমিপকম্পন ও বজ্রাঘাতের মাধ্যমে। কূফার অধঃপতন ঘটবে শত্রুদের পক্ষ থেকে। বসরা'র অধঃপতন ঘটবে ডুবে যাওয়া/নিমজ্জিত হওয়ার মাধ্যমে। "উবলা"র অধঃপতন ঘটবে শত্রুদের পক্ষ থেকে। "রাই" এর অধঃপতন ঘটবে "দাইলাম" (তুর্কী কুর্দীদের একটি জনগোষ্ঠী) এর পক্ষ থেকে। খোরাসানের অধঃপতন ঘটবে তিব্বতের পক্ষ থেকে। তিব্বতের অধঃপতন ঘটবে সিন্ধের পক্ষ থেকে। সিন্ধ (পাকিস্তানের একটি শহর) এর অধঃপতন ঘটবে হিন্দুস্তানের পক্ষ থেকে। ইয়েমেনের অধঃপতন ঘটবে টিড্ডী (পঙ্গপাল) এবং বাদশাহীকে কেন্দ্র করে। মক্কার অধঃপতন ঘটবে হাবাশার পক্ষ থেকে। আর মদীনার

অধঃপতন ঘটবে ক্ষুধার কারণে।

ইমাম কুরতুবী রহ. এমনই একটি হাদিস হযরত হুযাইফা রা. থেকে বর্ণনা করেছেন। যেখানে নবী করীম সা. বলেছেন যে, বিশ্বব্যাপী অধঃপতন শুরু হবে। এমনকি মিসর অধঃপতনের সম্মুখীন হবে। আর মিসর নিরাপদ থাকতে থাকতেই বসরার অধঃপতন ঘটবে। বসরা'র অধঃপতন ঘটবে ডুবে যাওয়া/নিমজ্জিত হওয়ার মাধ্যমে। মিসরের অধঃপতন ঘটবে নীলনদ শুকিয়ে যাওয়ার মাধ্যমে। মক্কা-মদীনার অধঃপতন ঘটবে ক্ষুধার কারণে। ইয়েমেনের অধঃপতন ঘটবে পঙ্গপালের কারণে। উবলা'র অধঃপতন ঘটবে অবরোধের মাধ্যমে। পারস্যের অধঃপতন ঘটবে রিক্তহস্ত/চোরডাকাতের মাধ্যমে। তুরস্কের অধঃপতন ঘটবে দাইলামীদের পক্ষ থেকে। দাইলামের অধঃপতন ঘটবে আর্মেনীয়দের পক্ষ থেকে। আর্মেনীয়দের অধঃপতন ঘটবে "খাযার" (তুর্কীদের মধ্যে একটি প্রসিদ্ধ গোত্র) এর পক্ষ থেকে। খাযারীদের অধঃপতন ঘটবে তুর্কীদের পক্ষ থেকে। আর তুরস্কের অধঃপতন ঘটবে বজ্রাঘাতের মাধ্যমে। সিন্ধ (পাকিস্তান) অধঃপতন ঘটবে হিন্দুস্তান (ভারত) এর পক্ষ থেকে। হিন্দুস্তানের অধঃপতন ঘটবে চীনের পক্ষ থেকে। চীনের অধঃপতন ঘটবে "রুমুল"দের পক্ষ থেকে। হাবাশার অধঃপতন ঘটবে ভূমিকম্পের মাধ্যমে। "যাওরা" (বাগদাদ)এর অধঃপতন ঘটবে সূফিয়ানীর তান্ডবের মাধ্যমে। "রাওহা" (বাগদাদের একটি শহর) অধঃপতন ঘটবে ভূমিধ্বসের মাধ্যমে। আর সম্পূর্ণ ইরাকের অধঃপতন ঘটবে হত্যাযজ্ঞের মাধ্যমে।

অতপর ইমাম কুরতুবী রহ. বলেন যে, বর্ণনাকারী আবুল ফারাজ হুযাইফা রা. কে এ-ও বলতে শুনেছেন যে, স্পেনের অধঃপতন ঘটবে অশুভ বাতাসের মাধ্যমে।

(التذكرة للإمام القرطبي ، النهاية في الفتن والملاحم للإمام ابن كثير، السنن الواردة في الفتن- باب ما جاء في خراب البلدان)

হাদিসের সকল স্থানেই "খারাব" শব্দ ব্যবহৃত হয়েছে। যার অনুবাদ বাংলা "অধঃপতন" শব্দের মাধ্যমে করা হয়েছে। এই অধঃপতন সবদিক দিয়েই হতে পারে- যেমন- হত্যাযজ্ঞ, অর্থনৈতিক নিষেধাজ্ঞা, ঝটিকা আক্রমণ, সৈন্যবাহিনী প্রেরণ করে দেশ দখল... ইত্যাদি। জ্ঞান অন্বেষকদের জন্য হাদিসদ্বয়ে বহু চিন্তার বিষয় রয়েছে।

হযরত কা'ব রা. বলেন- আরবদ্বীপ অধঃপতন হওয়া থেকে নিরাপদ থাকবে, যতক্ষণ না আর্মেনিয়া অধঃপতন থেকে নিরাপদ থাকবে। মিসর অধঃপতন থেকে নিরাপদ থাকবে, যতক্ষণ না আরবদ্বীপ নিরাপদ থাকবে। কূফা নিরাপদে থাকবে, যতক্ষণ না মিসর নিরাপদে থাকবে। বিশ্বযুদ্ধ শুরু হবেনা, যতক্ষণ না কূফা (ইরাকের একটি শহর)'র অধঃপতন ঘটবে। আর দাজ্জাল আত্মপ্রকাশ করবেনা, যতক্ষণ না কাফেরদের শহর (কুস্তানতীনীয়্যা) বিজয় হয়ে যাবে। (مستدرك،ج:4ص:509)

হযরত মাছজূল বিন গাইলান রহ. আব্দুল্লাহ বিন সামেত রা. থেকে বর্ণনা করে বলেন যে, একদা আমি ও আমার পিতা- আব্দুল্লাহের সাথে মসজিদ থেকে বের হলাম। তখন আব্দুল্লাহ বলতে লাগলেন যে, সবচে' দ্রুত যে এলাকাদ্বয়ের অধঃপতন ঘটবে, তা হচ্ছে বসরা আর মিসর। জিজ্ঞাস করলাম- কিসের কারণে এতদুভয়ের অধঃপতন ঘটবে ?? অথচ সেখানে তো প্রতাপশালী আর শিল্পপতি লোকেরা বাস করে। তিনি উত্তরে বললেন- ব্যাপক হত্যাযজ্ঞ আর প্রচন্ড ক্ষুধা। (একথা আমি এমন আত্মবিশ্বাসের সঙ্গেই বলছি, যেমননাকি) আমি বসরার মধ্যে আছি আর বসরা আমার সামনে উটপাখীর ন্যায় বসে আছে। অপরদিকে মিসরের অধঃপতন ঘটবে নীলনদ শুকিয়ে যাওয়ার মাধ্যমে। নীলনদ পানিশূন্য হয়ে যাওয়াই তাদের অধঃপতনের প্রধান কারণ হবে। (السنن الواردة في الفتن،ج:4ص:709)

হযরত আবূ উসমান নাহদী রহ. বলেন- একবার আমি জারীর বিন আব্দুল্লাহ রা. এর সাথে "কুতরাব্বুল" এলাকায় ছিলাম। উনি জিজ্ঞেস করলেন- এই এলাকার নাম কি ? বললাম- কুতরাব্বুল। আবূ উসমান রা. তখন বললেন- অতপর জারীর বিন আব্দুল্লাহ "দুজাইল" এর দিকে আঙ্গুল দেখিয়ে ঐ এলাকার

নাম জানতে চাইলে আমি বললাম- ওটা হচ্ছে দুজাইল। অতপর তিনি "দাজলা নদী"র দিকে ইঙ্গিত করে তার নাম জানতে চাইলে বললাম- এটা হচ্ছে দাজলা নদী। অতপর তিনি "আসসুরাত" এলাকার দিকে ইঙ্গিত করলে আমি বললাম- ওটা হচ্ছে আসসুরাত। অতপর তিনি (জারীর বিন আব্দুল্লাহ) বলেন- আমি নবী করীম সা.কে বলতে শুনেছি যে, দাজলা, দুজাইল, কুতরাব্বুল ও আসসুরাতের মাঝামাঝিতে একটি শহর নির্মিত হবে, যেখানে দুনিয়ার সকল ধনদৌলতের ভান্ডার এবং প্রতাপশালী-অহংকারী লোকদেরকে একত্রিত করা হবে। শহরবাসী মাটির নিচে ধ্বসে যাবে। (জেনে রেখো!) শহরটি লোহার কীলের চেয়েও অতিদ্রুতগতিতে মাটির নিচে ধ্বসে যাবে।

ফায়দা- দুজাইল হচ্ছে বাগদাদ এবং তিকরীতের মাঝামাঝি সুমারা এলাকার নিকটবর্তী একটি স্থানের নাম।

عن إسحاق بن أبي يحيى الكعبي عن الأوزاعي قال: إذا دخل أصحاب الرايات الصفر مصرَ ، فليحفر أهل الشام أسرابا تحت الأرض.(الرواية ضعيفة ، السنن الواردة في الفتن)

অনুবাদ- আওযাঈ রহ. থেকে বর্ণিত, তিনি বলেন- যখন হলুদ ঝান্ডাবাহী লোকেরা মিসরে প্রবেশ করে ফেলবে, তখন শামবাসী যেন (নিজেদের নিরাপত্তার জন্য) মাটির নিচে সুরঙ্গ তৈরী করে রাখে।

হযরত হুযাইফা রা. হতে বর্ণিত, তিনি মিসরবাসীকে উদ্দেশ্য করে বলেছেন- যখন তোমাদের কাছে পশ্চিম দিক (মাগরিব) থেকে আব্দুল্লাহ বিন আব্দুর রহমান আসবে, তখন সে আর তোমরা মিলে "কানতারা"দের সাথে যুদ্ধ করবে। ফলে তোমাদের মধ্যে সত্তর হাজার নিহত হয়ে যাবে। তোমাদেরকে মাতৃভূমি মিসর এবং শামের প্রতিটি বস্তি খুজে খুজে বহিস্কার করে দেয়া হবে। দামেস্কের রাস্তায় আরবী মহিলাকে পচিশ দিরহামের বিনিময়ে বিক্রি করা হবে। অতপর তারা হিমস এলাকায় প্রবেশ করে ওখানে আঠারো মাস অবস্থান করবে। সেখানে তারা ধন-সম্পদ বন্টন করতে থাকবে। ওখানকার পুরুষ-মহিলাদেরকে গণহাতে হত্যা করবে। অতপর তাদের বিরুদ্ধে একজন শিররী লোক আত্মপ্রকাশ করবে। সে তাদের সাথে যুদ্ধ করে তাদেরকে পরাজিত করে দেবে। শেষপর্যন্ত তাদেরকে মিসরে প্রবেশ করিয়ে দেবে। (الفتن نعيم بن حماد،ج:1ص:267)

عن سعيد بن سنان عن الأشياخ قال: تكون بحمص صيحة ، فليلبث أحدكم في بيته ، فلا يخرج ثلاث ساعات. فيه شيوخ سعيد وهم مجهولون. (الفتن نعيم بن حماد،ج:1ص:414)

অনুবাদ- সাঈদ বিন সিনান রা. বলেন- (শামের একটি প্রসিদ্ধ শহর) হিমসে বিকট একটি আওয়াজ হবে। তখন সবাই যেন ঘরের ভেতরে অবস্থান করে, তিনঘন্টা পর্যন্ত কেউ বাইরে না বের হয়।

ফায়দা- উপরোক্ত সকল বর্ণনাতেই স্পষ্ট করে বলা আছে যে, মুসলমানগণ যেন শত্রুদের দেখে অলসতার ঘুমে অচেতণ না হয়ে পড়ে। একটি মুসলিম দেশের অধঃপতন দেখে অন্যান্য মুসলমানগণ যেন এটা না ভাবে যে, আমাদের পালা এখনও আসেনি। বরং সবাইকেই আগে থেকে পরিস্থিতি মুকাবেলার জন্য পূর্ণ প্রস্তুত থাকা চাই।

عن كعب رضي الله عنه قال: إذا رأيتَ الرايات الصفر نزلت الإسكندرية ، ثم نزلوا سُرّةَ الشام ، فعند ذلك يُخسف بقرية من قُرى دِمشق يقال لها : حَرَسْتَا.(الفتن نعيم بن حماد،ج:1ص:272)

অনুবাদ- হযরত কা'ব রা. বলেন- যখন তোমরা দেখতে পাবে যে, হলুদ ঝান্ডাবাহী লোকেরা আলেকজান্দ্রিয়ায় এসে গেছে, অতপর তারা শামের মাঝামাঝি এলাকায় এসে উপনীত হয়েছে। তখন দামেস্কের এলাকাগুলোর মধ্যে একটি এলাকা -যার নাম "হারাস্তা"- মাটির নিচে ধ্বসে যাবে।

ফায়দা- হারাস্তা হচ্ছে বর্তমান দামেস্কের নিকটবর্তী হিমসের রাস্তার ধারে অবস্থিত একটি এলাকা।

ইরাক দখলের ভবিষ্যদ্বাণী...

عن عبد الله بن عمرو رضي الله عنه قال: يوشك بنو قنطوراء أن يخرجوكم من أرض العراق ، قلت: ثم نعود ؟ قال: أنت تشتهي ذاك ؟ قلت: أجل ! قال: نعم.. ويكون لهم سلوة من عيش.(الفتن نعيم بن حماد،ج:2ص:679)

অনুবাদ- হযরত আব্দুল্লাহ বিন আমর রা. হতে বর্ণিত, তিনি বলেন- ঐ সময় খুব নিকটবর্তী, যখন বনূ কান্তূরা (পশ্চিমাগণ) তোমাদেরকে ইরাক থেকে বহিস্কার করে দেবে। (বর্ণনাকারী বলেন-) আমি জিজ্ঞাসা করলাম- এরপর কি আমরা পূণরায় ইরাকে ফিরে আসতে সক্ষম হব ?? বললেন- তুমি কি এমনটি কামনা কর ?? বললাম- হ্যাঁ...। বললেন- অবশ্যই ফিরে আসবে...। আর তখন তাদের জন্য ইরাকের মাটিতে স্বচ্ছলতা আর সানন্দের জীবনযাপন হবে।

শাম ও ইয়েমেনের ব্যাপারে অন্যান্য বর্ণনাসমূহ...

عن عبد الله بن مسلمة سمع أبا قبيل يقول: إن صاحب المغرب وبني مروان وقضاعة تجتمع على الرايات السود في بطن الشام. (الفتن ، نعيم بن حماد،ج:1ص:267)

অনুবাদ- আব্দুল্লাহ বিন মুসলিমা থেকে বর্ণিত, তিনি আবূ কুবাইলকে বলতে শুনেছেন যে, মরক্কো থেকে আসা ব্যক্তি, বনী মারওয়ান এবং কুযাআ গোত্র শামের অভ্যন্তরে কালো ঝান্ডাসমূহের নিচে সমাগত হবে।

عن كعب رضي الله عنه قال: إن الله تعالى يمد أهل الشام إذا قاتلهم الروم في الملاحم بقطعتين دفعة سبعين ألفا ، ودفعة ثمانين ألفا من أهل اليمن ، حمائل سيوفهم المسد ، يقولون: نحن عباد الله حقا حقا ، نقاتل أعداء الله ، رفع الله عنهم الطاعون والأوجاع والأوصاب ، حتى لا يكون بلد أبرأ من الشام ، ويكون ما كان في الشام من تلك الأوجاع والطاعون في غيرها.(الفتن نعيم بن حماد،ج:2ص:469)

অনুবাদ- হযরত কা'ব রা. হতে বর্ণিত, তিনি বলেন- যখন রূমবাসী বিশ্বযুদ্ধের সময় শামবাসীদের সাথে লড়াই করবে, তখন আল্লাহ তা'লা দু'টি বিশাল সৈন্যবাহিনীর মাধ্যমে শামবাসীকে সাহায্য করবেন। প্রথমবার- সত্তর হাজার এবং দ্বিতীয়বার আশি হাজার ইয়েমেনী মুজাহিদীনের মাধ্যমে। যারা স্বীয় বদ্ধ তরবারীগুলো (অত্যাধুনিক অস্ত্র) বহন করে নিয়ে আসবে। তারা বলতে থাকবে- "আমরা আল্লাহর সত্যনিষ্ঠ বান্দা, আমরা আল্লাহর দুশমনদের বিরুদ্ধে যুদ্ধ করে যাবো"। আল্লাহ পাক তাদের উপর থেকে সর্বপ্রকার মহামারী, অভাব-অনটন এবং দুঃখকষ্টকে উঠিয়ে নেবেন। শেষপর্যন্ত শাম ছাড়া অন্য কোন রাষ্ট্রই মহামারী থেকে অধিক নিরাপদে থাকবেনা। তখন শাম দেশে যত মহামারী এবং অভাব-অনটন দেখা দেবে, তা অন্যান্য দেশেও থাকবে (অর্থাৎ মহামারী এবং অভাব-অনটন সকল দেশেই হবে, কিন্তু শাম দেশে তা অনেক কম হবে, আর মুজাহিদীনকে আল্লাহ তা'লা সর্বপ্রকার বিপদাপদ থেকে রক্ষা করবেন)।

ফায়দা- রাসূলে কারীম সা. এর যুগে শাম বলতে বর্তমান জর্দান, ফিলিস্তীন, লেবানন ও সিরিয়াকে বুঝানো হত।

একই বর্ণনায় হযরত কা'ব রা. আরো বলেন- পশ্চিমা বিশ্বে ভেড়ার গর্ভ ধারণকাল পরিমাণ এক বাদশাহ হবে, সে শামবাসীদের বিরুদ্ধে এক হাজার রণতরী তৈরী করবে। সুতরং যখনই সে জাহাজ তৈরী করা সমাপ্ত করবে, তখনই আল্লাহ তা'লা একে ধ্বংস করার জন্য প্রচন্ড বাতাস প্রেরণ করে দেবেন। শেষপর্যন্ত আল্লাহ তা'লা ঐ সকল যুদ্ধজাহাজকে বের হওয়ার অনুমতি দিয়ে দেবেন। যারফলে যুদ্ধজাহাজগুলি "আকা" এবং "নাহর" এর মাঝামাঝি স্থানে এসে নোঙ্গর ফেলবে। অতপর সকল সেনাবাহিনী একজন আরেকজনের সাহায্য করবে। (বর্ণনাকারী বলেন-) আমি কা'বকে জিজ্ঞাসা করলাম- ওটা কোন নদী (যেখানে পশ্চিমারা এসে নোঙ্গর ফেলবে) ?? বললেন- "দরিয়ায়ে আরনাত" তথা হিমসে'র নদী।

ফুরাত (Euphrates) নদীকেন্দ্রিক যুদ্ধ...

عن أبي هريرة رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: يوشك الفرات أن يحسر عن كنز من ذهب ، فمن حضره فلا يأخذ منه.(صحيح البخاري،ج:6ص:2605 ، سنن الترمذي،ج:4ص:698)

অনুবাদ- হযরত আবূ হুরায়রা রা. হতে বর্ণিত, রাসূলে কারীম সা. এরশাদ করেন- অচিরেই ফুরাত নদী থেকে স্বর্ণের খনি বের হবে। সুতরাং ঐ সময় যারা সেখানে উপস্থিত থাকে, তারা যেন কেউ (ঐ স্বর্ণের খনি থেকে) কোন অংশ না নেয়ার চেষ্টা করে।

রাসূলে কারীম সা. ধনসম্পদকে স্বীয় উম্মতের জন্য সবচে' ভয়ানক ফেতনা বলে আখ্যায়িত করেছেন। বলেছেন- لكل أمة فتنة وفتنة أمتي المال "প্রত্যেক উম্মতের জন্যই একটা না একটা ফেতনা থাকে, আর আমার উম্মতের ফেতনা হচ্ছে ধনসম্পদের ফেতনা। আর ফেতনা থেকে বাঁচার একমাত্র উপায় হচ্ছে এথেকে দূরে থাকার চেষ্টা করা। একারণেই নবী করীম সা. আমাদেরকে ধনসম্পদ থেকে যথাসম্ভব দূরে থাকার উপদেশ দিয়েছেন। হাদিসটি ঐ সমস্ত লোকদের জন্য বিরাট উপদেশ রয়েছে, যারা আল্লাহ তা'লার বিধানসমূহকে ভুলে গিয়ে দুনিয়ার তুচ্ছ ধনসম্পদ উপার্জনে স্বচেষ্ট।

হযরত আবূ হুরায়রা রা. থেকে বর্ণিত, নবী করীম সা. বলেন- কেয়ামত ততক্ষণ পর্যন্ত সংঘটিত হবেনা, যতক্ষণ না ফুরাত নদী থেকে স্বর্ণের পাহাড় বের হবে। (স্বর্ণের পাহাড় দখলের জন্য) লোকেরা সেখানে যুদ্ধ

করবে। যুদ্ধকারীদের একশভাগের মধ্যে নিরানব্বই ভাগ নিহত হয়ে যাবে। আর যে বেঁচে যাবে, সে মনে করবে যে, শুধুমাত্র আমিই বেঁচে আছি, আর সবাই মারা পড়েছে। (مسلم،ج:4ص:2219)

ফায়দা- ফুরাত নদীর কিনারে অবস্থিত "ফাল্লুজা" শহরে জোটসেনা এবং মুজাহিদীনের মধ্যে কয়েকটি মরণযুদ্ধ সংঘটিত হয়েছে। এখনও সেখানে প্রচন্ড গর্জন ও দফায় দফায় লড়াই চালু রয়েছে। তবে, জানা নেই যে, এই স্বর্ণের পাহাড় সম্পর্কে আমেরিকান বা কাফেরদের জ্ঞান রয়েছে কিনা..!! নাকি... হাদিসে স্বর্ণের পাহাড় বলতে অন্যকিছু উদ্দেশ্য...!!?? (আল্লাহই একমাত্র ভাল জানেন)।

عن ثوبان رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: يقتتل عند كنزكم ثلاثة ، كلهم ابن خليفة ، ثم لا يصير إلى واحد منهم ، ثم تطلع الرايات السود من قبل المشرق ، فيقاتلونكم قتالا لم يقاتله قوم ، ثم ذكر شيئا فقال: إذا رأيتموه فبايعوه ولو حبوا على الثلج ، فإنه خليفة الله المهدي. هذا حديث صحيح على شرط الشيخين ، ووافقه الذهبي.(مستدرك،ج:4ص:510 ، سنن ابن ماجة،ج:2ص:1367)

অনুবাদ- হযরত ছাওবান রা. হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- তোমাদের খনিজ ভান্ডারের কাছে তিন ব্যক্তি (তিনটি বড় বাহিনী) যুদ্ধ করবে। তিনজনই শাসকের ছেলে হবে। খনিজভান্ডার কারো কাছেই স্থানান্তরিত হবেনা। এরপর পূর্ব দিক থেকে কালো ঝান্ডাবাহী লোকেরা আগমণ করবে। তারা তোমাদের বিরুদ্ধে এত কঠোরভাবে যুদ্ধ করবে যে, এমন যুদ্ধ ইতিপূর্বে কেউ করতে সক্ষম হয়নি। (বর্ণনাকারী বলেন) এরপর তিনি কি যেন বললেন, আমি বুঝে উঠতে পারিনি। (ইবনে মাজা'র বর্ণনায় এর বিবরণ এসেছে যে,) অতপর আল্লাহর প্রতিনিধি ইমাম মাহদীর আত্মপ্রকাশ ঘটবে। তিনি বলেন যে, যখন তোমরা তাকে দেখতে পাবে, তখন তার হাতে বায়আত হয়ে যেও! (অর্থাৎ তার বাহিনীতে এসে শরীক হয়ে যেও!) যদিও তা করার জন্য তোমাদেরকে দূরদূরান্ত এলাকা থেকে বরফের পাহাড়ের উপর দিয়ে হাতপায়ে ভর দিয়ে ক্রলিং করে আসা লাগে।

(হাদিসটি বুখারী-মুসলিমের শর্তানুযায়ী সহীহ। ইমাম যাহাবী রহ.ও একে নির্ভরযোগ্য বলেছেন)

ফায়দা- উপরোক্ত খনিজভান্ডার দ্বারা হয়ত ফুরাত নদীর স্বর্ণের ভান্ডার উদ্দেশ্য। নাহয়ত কা'বা শরীফের খনিজভান্ডার উদ্দেশ্য, যা ইমাম মাহদী এসে উদ্ধার করবেন। এখানে উভয় দলই খনিজভান্ডারের আশায় পূর্বে থেকে যুদ্ধ করতে থাকবে। অতপর পূর্ব দিক থেকে কালো ঝান্ডাবাহী লোকেরা আসবে, যারা পূর্ণ ইসলামী শাসনব্যবস্থা দাবী করবে। এ সম্পর্কে সামনে আলোচনা আসবে ইনশাআল্লাহ..।

عن أبي الزاعِراءِ قال: ذُكر الدجال عند عبد الله بن مسعود ، فقال: يفترق الناس عند خُروجِه ثلاث فرقٍ ، فرقة تتبعه ، وفرقة تلحق بأهلها منابت الشيْحِ ، وفرقة تأخذ شطّ هذا الفراتِ ، يقاتلهم ويقاتلونه حتى يقتلون بغربيْ الشام ، فيَبْعثون طليعةً فيهم فرس أشقر أو أبلق ، فيقتتلون فلا يرجع منهم أحد. (مستدرك على الصحيحين،ج:4ص:641)

অনুবাদ- আবূ যা'রা বলেন- একদা হযরত আব্দুল্লাহ ইবনে মাসঊদ রা. এর সামনে দাজ্জালের আলোচনা উঠলে তিনি বলতে লাগলেন যে, তার আত্মপ্রকাশের সময় মানুষ তিনদলে বিভক্ত হয়ে যাবে। একদল দাজ্জালের অনুসরণ করে তার পিছু পিছু চলে যাবে। দ্বিতীয়দল অভিভাবক হয়ে নিজেদের পরিবারকে নিয়ে ঘরে বসে যাবে। তৃতীয়দল ফুরাত নদীর কিনারায় লড়াইয়ে অটল থাকবে, দাজ্জাল তাদের বিরুদ্ধে যুদ্ধ করবে, তারাও দাজ্জালের বিরুদ্ধে যুদ্ধ করতে থাকবে। (লড়াই করতে করতে) শেষপর্যন্ত শামের পশ্চিমে গিয়ে যুদ্ধ করবে। অতপর তারা একটি অগ্রসেনানী প্রেরণ করবে, যাদের মধ্যে একজনের ঘোড়া হবে সাদাকালো দাগযুক্ত ও সুন্দর কেশবিশিষ্ট। তারা গিয়ে সেখানে যুদ্ধ করবে। সুতরাং তাদের থেকে কেউ আর ফিরে আসবেনা।

ফুরাত নদী এবং বর্তমান পরিস্থিতি...

দেখো...! কাফেলা যাতে ছুটে না যায়...।

ইতিহাসে এমন বহু ঘটনা পাওয়া যায়, যেগুলো প্রকাশের মূল সময় কোন গুরুত্ব দেয়া হয়নি। অথচ পরবর্তীতে গিয়ে সেগুলোর প্রতিক্রিয়াসমূহ অনুভূত হয়েছে। বর্তমানেও আমাদের সামনে অন্তর্জাগানীয়া এবং মস্তিস্কে নাড়াদানকারী বহু ঘটনাই ঘটে চলেছে। যমানা কেয়ামতের চাল চেলে যাচ্ছে। পরিস্থিতি চিৎকার করে করে মানুষকে গভীর চিন্তাভাবনার দিকে আহবান করছে। কিন্তু অলসতার মরুভূমিতে পড়ে থাকা মুর্খ ব্যক্তিবর্গ আর কতক্ষণ এভাবে বসে থাকবে। নবী করীম সা. এর হাদিসগুলোর উপর আমল করা তো দূরের কথা; বর্তমানে অধিকাংশ মুসলমানই এসকল বিষয়ে চিন্তাভাবনা করাটাকেও অনর্থক সময় নষ্ট করা বলে মনে করে থাকে। যখন তাদেরকে বলা হয় যে, নিজেদেরকে সামনের সে পরিস্থিতির জন্য প্রস্তুত কর, যে পরিস্থিতিতে জিহাদই হবে ঈমানেরে একমাত্র নিদর্শন। যে জিহাদ থেকে পেছনে থাকবে, তার ঈমানই তখন গ্রহনযোগ্য হবেনা। তখন সে বলে- এখনও সে সময় অনেক দূরে..। অথচ বাস্তবে সে নিজের দুর্বলতা, কাপুরুষতা আর দুনিয়ার মহব্বতের কারণে জিহাদের প্রস্তুতি নিচ্ছেনা। কেননা, সে যদি তার কথায় সত্যবাদী হত, তবে অবশ্যই কিছু না কিছু প্রস্তুতি গ্রহণ করত। পাশাপাশি ঐ সকল পরিস্থিতি নিয়েও চিন্তাভাবনা করত, যার বিস্তারিত বিবরণ রাসূলে কারীম সা. চৌদ্দশত বছর পূর্বে দিয়ে গেছেন এবং বর্তমান যমানায় তা অক্ষরে অক্ষরে বাস্তবায়িত হচ্ছে।

ফুরাত নদীর ব্যাপারে বহু হাদিস বর্ণিত হয়েছে। বাঞ্ছনীয় ছিল যে, যখনই ফুরাত নদীর তীরে অবস্থিত ফাল্লুজা শহরে যুদ্ধ শুরু হয়েছে, তখনই ঈমানদারগণ তাদের চিন্তা-গবেষনার মনযোগকে ঐদিকে মনোনিবেশ করা। কিন্তু অবস্থাদৃষ্টে মনে হয় যে, মুসলমানরাও আজ পরিস্থিতিগুলোকে পশ্চিমা মিডিয়ার দৃষ্টিভঙ্গিতে পর্যবেক্ষণ করে থাকে।

ফুরাত নদীর তীরে অবস্থিত ফাল্লুজা শহরে সাম্প্রতিক সময়ে কতিপয় মরণযুদ্ধ সংঘটিত হয়েছে। পাশাপাশি পূর্বদিক থেকে আসা কালো ঝান্ডাবাহী লোকেরাও এখানে লড়াই করে চলেছে। তারা এমনভাবেই সেখানে লড়াই অব্যাহত রেখেছে, যা ইতিপূর্বে কখনো এমনভাবে অব্যাহত রাখা হয়নি। যদিও আমি দাবী করিনা যে, এটাই সেই বাহিনী; যার ব্যাপারে হাদিসে স্পষ্টভাবে বলা হয়েছে। হতে পারে- হাদিসে বর্ণিত সৈন্যদল পরবর্তীতে এসে উপস্থিত হবে। তবে, যে দু'টি কথা আমি উল্লেখ করেছি, তা সারাবিশ্বের মানুষই জানে যে, তা সত্য ও বাস্তব। যুদ্ধটিও ফুরাত নদীর তীরে হচ্ছে, কালো ঝান্ডাবাহী আল-কায়েদা মুজাহিদীনের একটি বড় অংশও সেখানে যুদ্ধ করে যাচ্ছে। তারাই হচ্ছে ঐ সকল আরব মুজাহিদীন, যারা তালেবান অধঃপতনের পর পূর্ব (আফগানিস্তান) থেকে আরববিশ্বে ফিরে এসেছিল। এখন বিস্তারিত গবেষনা করা হচ্ছে উলামায়ে কেরামের কাজ। বিষয়টি খুব গুরুত্বপূর্ণ, আবার সমস্ত মিডিয়াও কাফেরদের দখলে।

ঈমানদারদের কাছে একটিই অনুরোধ- বর্তমান পরিস্থিতিকে হাদিসে নববীর আলোকে বুঝতে চেষ্টা করুন...!! এখন থেকেই নিজেকে জিহাদের জন্য প্রস্তুত রাখুন...! যদি অন্তরে সামান্যতম ঈমান অবশিষ্ট থাকে, আর ঈমান নিয়েই আল্লাহ তা'লার সাথে সাক্ষাত করতে চান। অন্যথায়- একটি কথা ভালো করে স্মরণ রাখবেন- ইমাম মাহদী এসে কাফেরদের সাথেই যুদ্ধ করবেন, তখন আর তরবিয়ত নেয়া বা কোন চিন্তাভাবনা করার সুযোগ মিলবেনা। শুধুমাত্র তারাই ইমাম মাহদীর দলে শরীক হতে সক্ষম হবে, যারা আগে থেকেই জিহাদের জন্য পূর্ণ প্রস্তুতি নিয়ে রাখবে। এখনই সময় জাগ্রত হওয়ার..., এমনটি যাতে না হয় যে, অজানা কোন ঠিকানার দিকে ভ্রমণ চলছে... যখন হুশ এসেছে, তখন দেখি- কাফেলা অনেক দূরে চলে গেছে...।।

ইরাকের ফাল্লুজায় যুদ্ধরত মুজাহিদীন

ইমাম মাহদী আ. আবির্ভাবের নিদর্শনাবলী

হজ্বের মওসুমে মীনা প্রান্তরে ব্যাপক হত্যাযজ্ঞ...

عن عمرو بن شعيب عن أبيه عن جده رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: في ذي القعدة تجاذب القبائل وتغادر ، فَيُنْهَبُ الحاجُّ ، فتكون ملحمةٌ بمِنَى ، يُكثر فيها القتلى ، ويسيل فيها الدماء حتى تسيل دمائهم على عَقَبة الجمْرة ، وحتى يهربَ صاحبُهم فيأتي بين الركن والمقام ، فَيُبايَع وهو كارهٌ ، يُقال له: إن أبيتَ ضربْنا عنقَك ، يبايعه مثل عدة أهل بدر ، يَرضَى عنهم ساكنُ السماء وساكنُ الأرض. (المستدرك على الصحيحين،ج:4ص:549)

অনুবাদ- হযরত আমর বিন শুআইব, তার পিতা, তারা দাদা থেকে বর্ণনা করেন যে, নবী করীম সা. বলেছেন- যিলকা'দা মাসে বংশীয় গোত্রসমূহের মাঝে পারস্পরিক মতানৈক্য দেখা দেবে। প্রতিশ্রুতি ভেঙ্গে দেয়া হবে। ফলশ্রুতিতে হাজ্বিদেরকে লুট করা হবে। মিনা প্রান্তরে যুদ্ধ সংঘটিত হবে। তাতে প্রচুর পরিমাণে হত্যাযজ্ঞ হবে। রক্তের বন্যা বয়ে যাবে। শেষপর্যন্ত "আকবাতুল জামরা"তেও রক্ত বইতে থাকবে। পরিস্থিতি এই পর্যন্ত পৌছবে যে, তাদের সাথী (ইমাম মাহদী) পালিয়ে কা'বা শরীফের "রুকুন" এবং মাকামে ইবরাহীমের মাঝামাঝি স্থানে আসবে। অতপর তাঁর ইচ্ছার বিরুদ্ধেই তাঁর হাতে সকলকে বায়আত করা হবে। তাকে বলা হবে যে, আপনি আমাদের বায়আত নিতে অস্বীকার করলে আমরা আপনার গর্দান উড়িয়ে দেব। অতপর বদর যুদ্ধাদের সংখ্যা পরিমাণ (৩১৩ জন) লোক উনার হাতে বায়আত গ্রহণ করবে। তাদের প্রতি আসমান ও যমিনের বাসিন্দাগণ সকলেই খুশি থাকবে।

মুস্তাদরাকের দ্বিতীয় বর্ণনায় নিম্নোক্ত বিষয়টি যোগ হয়েছে- হযরত আব্দুল্লাহ বিন আমর রা. বলেন- যখন লোকেরা পলায়ন করে ইমাম মাহদীর কাছে আসবে, তখন ইমাম মাহদী কা'বার চাদর গায়ে জড়িয়ে ক্রন্দনরত থাকবেন। (আব্দুল্লাহ বিন আমর বলেন) মনে হয় যে, আমি মাহদীর চোখের অশ্রু প্রত্যক্ষ করতে পারছি। সুতরাং লোকেরা (মাহদীকে বলবে যে,) আসুন! আমরা আপনার হাতে বায়আত হব। তখন তিনি বলবেন- আফসোস! তোমরা তো কত প্রতিশ্রুতি ভঙ্গ করেছ! কত বেশি পরিমাণ দাঙ্গা-হাঙ্গামা সৃষ্টি করেছ..! অতপর তিনি মনের ইচ্ছার বিরুদ্ধেই তাদেরকে বায়আত করে নেবেন। (আব্দুল্লাহ বিন আমর বলেন-) ওহে লোকসকল! তোমরা যখন তাকে পেয়ে যাবে, তখন তার হায়ে বায়আত হয়ে যেও!! কেননা, তিনি দুনিয়াতেও মাহদী, আসমানেও মাহদী।

ফায়দা- (১) হাদিসে মিনা প্রান্তরে মহা দাঙ্গা-হাঙ্গামা এবং ব্যাপক হত্যাযজ্ঞের কথা বলা হয়েছে। এত বড় ঘটনা তো আকস্মিক ঘটে যাবেনা; বরং বাতিল শক্তি এর জন্য পূর্বে থেকেই সবকিছু প্রস্তুত করে রাখবে।

(২) ইমাম মাহদীর হাতে প্রথমবার বায়আত গ্রহণকারীদের সংখ্যা বদর যুদ্ধাদের সংখ্যার পরিমাণ হবে। অর্থাৎ তিনশত তের জন। নুআইম বিন হাম্মাদ স্বীয় গ্রন্থ "আলফিতান"এ এ ব্যাপারে নিম্নোক্ত বর্ণনাটি এনেছেন :-

ইমাম যুহরী বলেন- ঐ বৎসর (ইমাম মাহদীর আবির্ভাবের বৎসর) দু'জন ঘোষক ঘোষনা করবে। আসমান থেকে একজন ঘোষনা করবে যে, ওহে লোকসকল! তোমাদের আমীর হচ্ছে অমুক ব্যক্তি। আর যমিন থেকে একজন ঘোষনা করবে যে, ওই (আসমানের) ঘোষনাকারী মিথ্যা বলেছে। অতপর যমিনের ঘোষকের সমর্থনকারীগণ যুদ্ধ করবে। ফলশ্রুতিতে বৃক্ষের জড়সমূহ রক্তে রঞ্জিত হয়ে যাবে। আর সেদিন (যার ব্যাপারে আব্দুল্লাহ বিন আমর বলেছেন যে,) এটা ঐ বাহিনী, যাকে جيش البراذع (ঘোড়ার জিণ ধারণকারী সেনাদল) বলা হয়ে থাকে। তারা নিজেদের ঘোড়ার জিণ' (গদি) ছিড়ে ঢাল হিসেবে ব্যবহার করবে। সুতরাং (যখন কাফের এবং মুসলমানদের মধ্যে এ লড়াই হবে) তখন আসমানের ঘোষকের সমর্থনকারীদের মধ্যে

কেবল বদর যুদ্ধাদের সংখ্যা পরিমাণ তিনশত তেরজন লোক বেঁচে থাকবে। অতপর মুসলমানদেরকে সাহায্য করা হবে। অতপর তারা (মুসলমানগণ) তাদের সাথীর কাছে ফিরে আসবে। (ضعيف ، ولكن نعيم بن حماد ذكر بإسناد آخر ذكرا يوافقه ما لا نقص فيه)

হযরত আলী রা. হতে বর্ণিত, তিনি বলেন- মদীনার দিকে একদল সৈন্যবাহিনী প্রেরণ করা হবে। তারা নবী করীম সা. এর বংশীয় লোকদেরকে হত্যা করে ফেলবে। তখন মাহদী ও মুবাইয়ায দু'জনে পালিয়ে মক্কায় চলে আসবে। (كنز العمال،ج:2ص:33)

রমযান মাসে বিকট আওয়াজ...

عن فيروز الديلمي قال: قال رسول الله صلى الله عليه وسلم: يكون في رمضان صوت ، قالوا: يا رسول الله ! في أوله أو في وسطه أو في آخره ؟ قال: لا.. بل في النصف من رمضان ، إذا كانت ليلة النصف ليلة الجمعة يكون صوت من السماء ، يصعق له سبعون ألفا ، ويخرس سبعون ألفا ، ويعمَى سبعون ألفا ، ويَصُمٌ سبعون ألفا ، قالوا: يا رسول الله ! فمَنِ السالم من أمتك ؟ قال: مَن لزم بيته ، وتعوّذ بالسجود وجهّر بالتكبير لله ، ثم يتبَعُه صوتٌ آخر ، فالصوت الأول صوت جبريل ، والثاني صوتُ الشيطان. فالصوت في رمضان ، والمعمعة في شوال ، ويميز القبائل في ذي القعدة ، ويُغَارُ على الحُجّاج في ذي الحجة وفي المحرم ، وما المحرم ؟ أوله بلاء على أمتي وآخره فرج لأمتي. الراحلة بقتبها ينجو عليها المؤمن خير له من دسكرة تغل مأة ألف. (المعجم الكبير،ج:18ص:332)

অনুবাদ- হযরত ফিরোজ দাইলামী রা. থেকে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- রমযান মাসে একটি বিকট আওয়াজ হবে। সাহাবায়ে কেরাম রা. বললেন- রমযানের শুরুতে ?? মাঝে ?? নাকি শেষে ?? উত্তরে বললেন- বরং রমযানের মাঝামাঝিতে। যখন ১৫ই রমযানের রাত্রিটি জুমা'র রাত্রি হবে, তখন আসমান থেকে একটি বিকট আওয়াজ আসবে। এই আওয়াজ শুনে সত্তর হাজার লোক তৎক্ষনাৎ বেহুশ হয়ে যাবে। অন্য সত্তর হাজার লোক বোবা হয়ে যাবে। অপর সত্তর হাজার অন্ধ হয়ে যাবে। সত্তর হাজার বধির হয়ে যাবে। সাহাবায়ে কেরাম জিজ্ঞেস করলেন- তাহলে উম্মতের মধ্যে কারা বাঁচতে সক্ষম হবে ?? উত্তরে বললেন- যারা নিজেদের ঘরে অবস্থান করে সেজদায় গিয়ে আল্লাহর আশ্রয় প্রার্থণা করবে এবং স্বজোরে তাকবীর (আল্লাহু আকবার) বলতে থাকবে। এরপর আরেকটি আওয়াজ আসবে। প্রথম আওয়াজটি হবে জিবরাঈলের। দ্বিতীয় আওয়াজটি হবে শয়তানের। (ঘটনার ধারাবাহিকতা এই হবে-) বিকট আওয়াজ আসবে রমযান মাসে। প্রচন্ড যুদ্ধ হবে শাওয়াল মাসে। আরবের গোত্রসমূহ বিদ্রোহ করবে যিলকা'দা মাসে। আর হাজ্বীদেরকে লুট করা হবে যিলহজ্ব মাসে। বাকী রইল মুহাররাম মাস। সুতরাং মুহাররাম মাসের প্রাথমিক দিনগুলি আমার উম্মতের জন্য পরীক্ষাস্বরূপ হবে। আর শেষ দিনগুলো উম্মতের জন্য মুক্তির দিন হবে। সেদিন মুসলমানদের কাজওয়া'বিশিষ্ট আরোহণগুলি (যার মাধ্যমে তারা মুক্তি পাবে) তাদের জন্য একলাখ দিনারের চেয়েও বেশি দামী বিলাসী বাড়ী অপেক্ষা উত্তম হবে।

(فيه عبد الوهاب بن الضحاك ، متروك ، فالرواية ضعيفة (مجمع الزوائد،ج:7ص:310)

অন্য বর্ণনায়- "সত্তর হাজার বোবা হয়ে যাবে, সত্তর হাজার নারীর কুমারীত্ব নষ্ট হয়ে যাবে।" (السنن الواردة في الفتن)

হযরত আবূ হুরায়রা রা. হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন- রমযান মাসে বিকট আওয়াজ হবে। যিলকা'দা মাসে আরবের সম্প্রদায়সমূহ বিদ্রোহ করবে। যিলহজ্ব মাসে হাজ্বিদেরকে লুট করা হবে। (তাবরানী রহ. বর্ণনাটিকে الأوسط। গ্রন্থে বর্ণনা করেছেন, যাতে শাহর বিন হাওশাব বর্ণনাকারী যায়ীফ) (

(مجمع الزوائد،ج:7ص:310

ইয়াযিদ ইবনে সিন্দী হযরত কা'ব রা. হতে বর্ণনা করেন যে, তিনি বলেন- ইমাম মাহদী আত্মপ্রকাশের নিদর্শনাবলীর একটি হচ্ছে- পশ্চিম দিক থেকে ঝান্ডাবাহী লোকেরা আসবে। যার নেতৃত্বে থাকবে বনূ কান্দাহ গোত্রের একজন ল্যাংড়া ব্যক্তি। সুতরাং পশ্চিমারা যখন মিসরে এসে যাবে, তখন শামবাসীদের জন্য মাটির তলদেশ উত্তম হবে।(السنن الواردة في الفتن)

ইমাম মাহদীর আত্মপ্রকাশ...

عن أم سلمة رضي الله عنها قالت: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: يكون اختلاف عند موت خليفة ، فيخرج رجل من بني هاشم ، فيأتي مكة ، فيستخرجه الناس من بيته وهو كاره ، فيبايعونه بين الركن والمقام ، فيجهز إليه جيش من الشام حتى إذا كانوا بالبيداء خسف بهم ، فيأتيه عصائب العراق وأبدال الشام ، وينشأ رجل بالشام أخواله كلب ، فيجهز إليه جيشا ، فيهزمهم الله فتكون الدائرة عليهم ، فذلك يوم كلب ، الخائب من خاب من غنيمة كلب ، فيستفتح الكنوز ، ويقسم الأموال ، ويلقي الإسلام بجرانه إلى الأرض ، فيعيش بذلك سبع سنين أو قال تسع سنين. (المعجم الأوسط،ج:2ص:35 ، مسند أبي يعلى:6940 ، مسند ابن حبان:6757 ، المعجم الكبير:931) قال المحقق سليم أسد: رواية مسند أبي يعلى حسن من طريق الإمام المجاهد.

অনুবাদ- উম্মুল মুমেনীন উম্মে ছালামা রা. বলেন যে, আমি নবী করীম সা.কে বলতে শুনেছি, একজন খলীফার মৃত্যুর পর বিরাট মতানৈক্য সৃষ্টি হবে। অতপর বনী হাশেম গোত্রের একজন ব্যক্তি পলায়ন করে মক্কায় চলে যাবে। লোকেরা (তাকে চিনে ফেলবে যে, সেই হচ্ছে আখেরী যমানার ইমাম মাহদী, তাই) তাকে ঘর থেকে বের করে এনে কা'বা শরীফে হজরে আসওয়াদ এবং মাক্বামে ইবরাহীমের মধ্যবর্তী স্থানে অনিচ্ছা সত্তেও তার হাতে বায়আত গ্রহণ করবে। (ঐ বায়আতের খবর শুনে) শাম থেকে একটি বাহিনী প্রেরণ করা হবে। ঐ বাহিনী যখন "বায়দা" নামক স্থানে এসে পৌছবে, তখন তাদেরকে মাটির নিচে ধ্বসিয়ে দেয়া হবে। অতপর মাহদীর কাছে ইরাকের ওলীআল্লাহগণ এবং শামের আবদাল ব্যক্তিগণ এসে মিলিত হবে। অতপর শামে একজন ব্যক্তির আবির্ভাব হবে, যার মামাদের সম্পর্ক হবে হবে বনূ কালবের সাথে। সে তার বাহিনীকে (বনী হাশেমের) ঐ ব্যক্তির বিরুদ্ধে লড়াই করার জন্য প্রেরণ করবে। আল্লাহ তা'লা ঐ বাহিনীকে পরাজিত করবেন। ফলে তার উপর কঠিন পরিস্থিতি আবর্তিত হবে। ওটাকেই বলা হবে "জঙ্গে কালব"। আর যে ব্যক্তি বনূ কালবের গনীমত থেকে বঞ্চিত থাকল, সেই আসল বঞ্চিত ব্যক্তি। অতপর সে (মাহদী) যমিনের ভান্ডারগুলো উন্মোচন করে মানুষের মাঝে বন্টন করবে। ইসলাম পূণরায় পৃথিবীর বুকে প্রতিষ্ঠিত হবে। এভাবে সে (মাহদী) সাত বা নয় বৎসর ইসলামী শাসনব্যবস্থা পরিচালিত করবে।

বর্ণনাটিকে তাবরানী রহ. الأوسط গ্রন্থে উল্লেখ করেছেন, যার সকল বর্ণনাকারী নির্ভরযোগ্য) (مجمع الزوائد،ج:7ص:315)

আবূ দাউদের বর্ণনায় আরো কিছু যোগ হয়েছে- "অতপর সে (মাহদী) ইন্তেকাল করবে, এবং মুসলমানগণ তার জানাযার নামাযে শরীক হবে।"

ফায়দা- বনী হাশেমের ঐ ব্যক্তি, যার হাতে বায়আত করা হবে, তার নাম হবে মুহাম্মদ বিন আব্দুল্লাহ অথবা আহমদ বিন আব্দুল্লাহ। তিনি "মাহদী" উপাধিতে সুপ্রসিদ্ধ থাকবেন।

তাবরানীর বর্ণনায়- প্রাথমিক পর্যায়ে বায়আতকারীদের সংখ্যা (৩১৩) তিনশত তেরজন বর্ণিত হয়েছে। (المعجم الأوسط،ج:9ص:176)

হাদিসে বর্ণিত "মদীনা" বলতে যদি মদীনা মুনাওয়ারা উদ্দেশ্য হয়, তবে মৃত্যুবরণকারী খলীফা সৌদি আরবের খলীফা হবে। তার মৃত্যুর পর খলীফা নির্ধারণের ক্ষেত্রে মানুষের মধ্যে মতানৈক্য সৃষ্টি হবে। আর মাহদী এ মতানৈক্য থেকে বাঁচার জন্য পালিয়ে মক্কায় চলে আসবে। অথবা "মদীনা" বলতে কোন বাদশার শহর উদ্দেশ্য। (عون المعبود)

ইমাম মাহদীর আত্মপ্রকাশের খবর শুনা মাত্রই শাম থেকে একটি বাহিনী প্রেরিত হবে। তার মানে হচ্ছে যে, কাফেরগণ পূর্বে থেকেই ইমাম মাহদীর অপেক্ষায় থাকবে এবং স্বীয় গোয়েন্দাদের মাধ্যমে হারাম শরীফের উপর পূর্ণ নজর রাখবে। উপরোক্ত বর্ণনায় শুধুমাত্র এতটুকু ইঙ্গিত এসেছে যে, বাহিনী প্রেরণকারীর মামাগণ হবে বনূ কালব সম্প্রদায়ের। এর ব্যাখ্যা করতে গিয়ে আল্লামা তূরবাশ্তী রহ. বলেন- "যখন সূফিয়ানী-ইমাম মাহদীর সাথে লড়াই করার ইচ্ছা করবে, তখন সে তার মামাদের থেকে সাহায্য প্রার্থণা করবে"। (عون المعبود) তার মানে- বনূ কালব-ও তখন কোন আরব রাষ্ট্রের শাসনপদে অধিষ্ঠিত থাকবে এবং ইসলামের শত্রুদের সাথে মিলিত থাকবে। তাবরানীর অন্য বর্ণনায় ঐ ব্যক্তি সম্পর্কে বলা হয়েছে যে, তার সম্পর্ক কুরাইশ বংশের সাথে। অন্যান্য বর্ণনায়- সে "সূফিয়ানী" নামে প্রসিদ্ধ থাকবে। তার সম্পর্কে সামনে আলোচনা হবে ইনশাআল্লাহ...।

بيدا (বায়দা) শামের একটি এলাকার নাম। আবার بيداء (বায়দা) জর্ডানের-ও এলাকার নাম। কিন্তু মুসলিম শরীফের ব্যাখ্যাকারী ইমাম নববী রহ.এর মতে- এখানে "বায়দা" বলতে মদীনা মুনাওয়ারার সন্নিকটে "যুলহুলাইফা" নামক স্থানের "বায়দা" উদ্দেশ্য।

ইমাম মাহদীর বিরুদ্ধে প্রেরিত প্রথম বাহিনীকে যখন বায়দা'য় ধ্বসিয়ে দেয়া হবে, তখন মাহদী মুজাহিদীনকে নিয়ে শামের দিকে রওয়ানা হবেন। সেখানে তিনি দ্বিতীয় বাহিনীর সঙ্গে লড়াই করবেন এবং তাদেরকে পরাজিত করবেন। দ্বিতীয় বাহিনীর সাথে কৃত যুদ্ধটিকেই "জঙ্গে কালব" বলে হাদিসে উল্লেখ করা হয়েছে, যার নেতৃত্বে থাকা "সূফিয়ানী" নামক ব্যক্তিকে ইসরায়েলের بحيرة طبرية (Lake of Tiberius)এর নিকটবর্তী স্থানে হত্যা করা হবে। (السنن الواردة في الفتن)

"আবদাল" ওলী-আউলিয়াগণের একটি স্তরকে বলা হয়। পৃথিবীতে আবদালের সংখ্যা সবসময় সত্তরজন থাকে। তন্মধ্যে চল্লিশজন আবদাল- শামে (সিরিয়া, ফিলিস্তীন, জর্ডান, লেবাননে) অবস্থান করেন। বাকী ত্রিশজন বিশ্বজুড়ে ছড়িয়ে ছিটিয়ে থাকেন। আল্লামা সূয়ূতী রহ. جمع الجوامع গ্রন্থে হযরত আলী র. এর উক্তিটি বর্ণনা করেছেন- "আবদালগণ যে এত উচ্চ স্তরে পৌছেছে, তা বেশি বেশি নামায-রোযা করার কারণে নয়; বরং তাদেরকে ঐ মর্যাদা দেয়া হয়েছে তাদের দানশীলতা, উম্মতির প্রতি গভীর দরদ, পরিস্কার অন্তর এবং মুসলমানদের হিতাকাঙ্খী হওয়ার কারণে।"

অন্য এক বর্ণনায় হযরত মুআয বিন জাবাল রা. বলেন- যে ব্যক্তির মাঝে তিনটি গুণ পাওয়া যাবে -অর্থাৎ তক্বদীরের প্রতি পরিপূর্ণ সন্তুষ্টি, নিষিদ্ধ কথা/কাজগুলো থেকে সম্পূর্ণ বেঁচে থাকা এবং আল্লাহর দ্বীনের জন্য মনে গোস্বা উদয় হওয়া- ঐ ব্যক্তিকে আবদালের তালিকায় গণ্য করা হবে। (مظاهر حق جديد،ج:5ص: 43،44)

"সূফিয়ানী" কে...??

عن عبد الله بن القبطية قال: دخلت أنا والحسن بن علي على أم سلمة رضي الله عنها ، فقال: حدثيني عن جيش الخسف! فقالت: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: يخرج السفياني بالشام ، فيسير إلى الكوفة ، فيبعث جيشا إلى المدينة ، فيقاتلون ما شاء الله حتى يقتل الحبل في بطن أمه ، ويعوذ

عائذ من ولد فاطمة أو قال: من ولد علي بالحرم ، فيخرجون إليه ، فإذا كانوا ببيداء من الأرض ، خسف بهم غير رجل ينذر الناس.(علل ابن أبي حاتم،ج:2ص:425)

অনুবাদ- আব্দুল্লাহ বিন কিবতীয়্যা বলেন যে, আমি এবং হাসান বিন আলী রা. উম্মুল মুমেনীন হযরত উম্মে ছালামা রা. এর কাছে গেলাম। তখন হাসান রা. বললেন- হে উম্মুল মুমেনীন! আমাদের কাছে ধ্বসিয়ে দেয়া বাহিনীর ব্যাপারে বর্ণনা করুন! তখন উম্মে ছালামা রা. বলতে লাগলেন যে, আমি নবী করীম সা.কে বলতে শুনেছি যে, সূফিয়ানীর আত্মপ্রকাশ ঘটবে শাম (বর্তমান জর্ডান, ফিলিস্তীন, ইসরায়েল, সিরিয়া, লেবানন) থেকে। অতপর সে কূফা'র দিকে রওয়ানা হবে। তখন সে মদীনার দিকে একটি বাহিনী প্রেরণ করবে। অতপর তারা এসে যুদ্ধ করতে থাকবে... যতদিন আল্লাহ তা'লা চান- এমনকি মায়ের পেট ফেড়ে বাচ্চাটিকেও পর্যন্ত হত্যা করে দেবে। এমতাবস্থায় ফাতেমা রা. বা আলী রা. এর সন্তানদের মধ্যে একজন ব্যক্তি পালিয়ে হারাম শরীফে এসে আশ্রয় নিবে। (তাকে গ্রেফতার করার জন্য) ঐ বাহিনী মক্কার দিকে রওয়ানা হবে। "বায়দা" নামক স্থানে আসা মাত্রই তাদেরকে মাটির নিচে ধ্বসিয়ে দেয়া হবে। শুধুমাত্র একজন ব্যক্তি ধ্বসে যাওয়া থেকে রক্ষা পাবে, যে মানুষকে এসে ধ্বসের সংবাদ দিবে।

قال ابن أبي حاتم: أخبرني أبي أنه عبيد الله بن قبطية. وذكر الإمام حاكم رواية مثله على شرط الشيخين ، وصححه ، ووافقه الإمام الذهبي.

নুআইম বিন হাম্মাদ "আলফিতান" গ্রন্থে বর্ণনা করেন যে, হযরত কা'ব রা. বলেন- আব্দুল্লাহ বিন ইয়াযিদ গর্ভধারণকাল পরিমাণ শাসক পদে অধিষ্ঠিত থাকবে। তার নাম হবে الأزهر ابن الكلبية (আযহার বিন কালবীয়্যা) অথবা الزهري بن الكلبية (যুহরী বিন কালবীয়্যা)। সে "সূফিয়ানী" নামে প্রসিদ্ধ থাকবে।

হযরত কা'ব রা. বলেন যে, সূফিয়ানীর নাম হবে আব্দুল্লাহ। (الفتن نعيم بن حماد، ج:1ص:279)

"আলফিতান" গ্রন্থের বর্ণনায়- সূফিয়ানী আত্মপ্রকাশ ঘটবে পশ্চিম শামের "ইন্দার" নামক স্থান থেকে। (ج:1ص:278)

ফায়দা- বর্তমান সময়ে "ইন্দার" (Indur) হচ্ছে উত্তর ইসরায়েলের الناضره (আল-নাযেরাত) (Nazareth) জেলার একটি ছোট্ট শহরের নাম। ১৯৪৮ সালের ২৪মে শহরটিকে ইসরায়েল দখল করে নিয়েছিল।

মেশকাতের প্রসিদ্ধ ব্যাখ্যাগ্রন্থ "মাযাহেরে হক জাদীদ"-এ নিম্নোক্ত বর্ণনা আনা হয়েছ- হযরত আলী রা. থেকে বর্ণিত, তিনি বলেন- সূফিয়ানী বংশীয় দিক থেকে খালিদ বিন ইয়াযিদ বিন মুআবিয়া বিন আবূ সুফিয়ান রা.এর সাথে সম্পর্কিত হবে। সে বড়মাথাবিশিষ্ট এবং অত্যন্ত বিশ্রী চেহারার অধিকারী হবে। তার চোখে সাদা একটি দাগ থাকবে। দামেস্কের দিক থেকে তার আত্মপ্রকাশ ঘটবে। তার সাথে বনূ কালব গোত্রের লোক বেশি থাকবে। মানুষের রক্ত নিয়ে ছিনিমিনি খেলা তার অভ্যাস হবে। এমনকি গর্ভবতি মহিলার পেট ফেঁড়ে সন্তান বের করে হত্যা করে ফেলা হবে। ইমাম মাহদীর আত্মপ্রকাশের খবর শুনে মাহদীকে হত্যা করার জন্য সে একটি বিশাল বাহিনী প্রেরণ করবে। (مظاهر حق جديد،ج:5ص:43)

এছাড়াও আরো অন্যান্য বর্ণনা থেকে একথা প্রতীয়মান হয় যে, সূফিয়ানী ইমাম মাহদীর আত্মপ্রকাশের কিছু পূর্বে থেকে শাম/জর্ডান/ফিলিস্তীন এর কোন এক জায়াগায় অবস্থান করবে। "ফাইযুল কাদীর" গ্রন্থানুযায়ী- "প্রাথমিক পর্যায়ে সে অনেক মুত্তাকী, পরহেযগার এবং ন্যায়পরায়ণ শাসক হিসেবে প্রসিদ্ধ থাকবে। এমনকি শামের মসজিদগুলোকে তার নামে খুতবা-ও পাঠ করা হবে। অতপর যখন সে মজবুত হয়ে যাবে, তখন তার অন্তর থেকে ঈমান বের হয়ে যাবে এবং সে জুলুম-অত্যাচার আর খারাপ কাজে লিপ্ত হয়ে যাবে। (فيض القدير،ج:4ص:128)

তার মানে হচ্ছে- তাকে মুসলমানদের মধ্যে একজন মহান পথপ্রদর্শক এবং হিরো হিসেবে পেশ করা

হবে, যেমনটি বাতিল শক্তির লোকেরা সবসময় করে থাকে। অন্য বর্ণনায়- সে পশ্চিমা শক্তির বিরুদ্ধে যুদ্ধ করে তাদেরকে পরাজিত করবে। তো হতে পারে যে, পশ্চিমাদের সাথে যুদ্ধ করে তাদেরকে পরাজিত করার বিষয়টিও একটি ড্রামা হবে, যেন ইসলামী বিশ্বে তাকে মহান বিজেতা বা পথপ্রদর্শক বলে মেনে নেয়া হয়।

এরপর সে তার প্রকৃত চেহারায় প্রকাশ পাবে এবং মুসলমানদের বিরুদ্ধে সে দু'দু'টি বিশাল বাহিনী প্রেরণ করবে। একটি মদীনার দিকে। অপরটি পূর্ব (ইরাকের) দিকে। মদীনায় তার বাহিনী তিনদিন পর্যন্ত লুটতরাজ করে যখন মক্কার দিকে রওয়ানা হবে এবং "বায়দা" নামক স্থানে এসে পৌছবে, তখন আল্লাহ পাক রাব্বুল আলামীন জিবরাঈলকে ঐ বাহিনী ধ্বসিয়ে দেয়ার আদেশ করবেন। ফলে ঐ বাহিনী যমিনের নিচে ধ্বসে যাবে। দ্বিতীয় বাহিনী বাগদাদের দিকে যাবে, সেখানেও তারা লুটমার এবং ব্যাপক হত্যাযজ্ঞ চালাবে। (تفسير قرطبي،ج:14ص:315) যেই তাদের বিরুদ্ধাচারণ করবে, তাকেই হত্যা করে ফেলা হবে। এমনকি গর্ভবতী মহিলার পেট ফেঁড়ে বাচ্চাকে বের করে বাচ্চাকে পর্যন্ত হত্যা করে ফেলা হবে। (مستدرك،ج:4ص:565)

নুআইম বিন হাম্মাদের "আলফিতান" গ্রন্থের কতিপয় বর্ণনা থেকে একথাও প্রমাণ হয় যে, সূফিয়ানী খোরাসানের মুজাহিদীন এবং আরব মুজাহিদীনের বিপরীতেও বাহিনী প্রেরণ করবে।

النفس الزكية তথা পবিত্র আত্মার শাহাদতবরণ...

مجاهد قال: حدثني فلان رجل من أصحاب النبي صلى الله عليه وسلم: أن المهدي لا يخرج حتى تقتل النفس الزكية ، فإذا قتلت النفس الزكية ، غضب عليهم من في السماء ومن في الأرض ، فأتى الناس المهدي ، فزفوه كما تزف العروس إلى زوجها ليلة عرسها ، وهو يملأ الأرض قسطا وعدلا ، وتخرج الأرض نباتها وتمطر السماء مطرها ، وتنعم أمتي في ولايته نعمة لم تنعمها قط. (مصنف ابن أبي شيبة،ج:7ص:514) قال العلامة حسين أحمد المدني: أن جميع رواتها ثقات ، وجعله الألباني منكرا.

অনুবাদ- মুজাহিদ রহ. বলেন যে, আমাকে নবী করীম সা.এর একজন সাহাবী বর্ণনা করেছেন যে, মাহদী ততক্ষণ পর্যন্ত আসবেননা, যতক্ষণ না পবিত্র আত্মাকে শহীদ করে ফেলা হবে। সুতরাং যখন পবিত্র আত্মাকে শহীদ করে ফেলা হবে, তখন যমীন-আসমানের সকল বাসিন্দাগণ হত্যাকারীদের উপর রাগান্বিত হয়ে যাবে। এরপর লোকেরা মাহদীর কাছে এসে তাকে এমন সুসজ্জিত (অনুসরণ) করবে, যেমননাকি নববধূকে সাজিয়ে বাসররাতে তার স্বামীর ঘরে নিয়ে যাওয়া হয়। সে (মাহদী) যমিনকে ন্যায়পরায়ণতা ও ইনসাফের মাধ্যমে ভরে দেবে। তার সময়ে যমিন তার অভ্যন্তরে থাকা উদ্ভিতগুলোকে উত্তমরূপে প্রকাশ করবে এবং আসমান তার বরকতময় বৃষ্টি দ্বারা যমিনকে পূর্ণ করে দেবে। আমার উম্মত তার সময়ে এমন সুখ-স্বাচ্ছন্দে জীবনযাপন করবে যে, এরকম সুখের জীবন তারা ইতিপূর্বে যাপন করেনি।

ফায়দা- পবিত্র আত্মাকে শহীদ করে দেয়া হবে। আল্লাহ তা'লার কাছে সে এতই প্রিয় হবে যে, তার শাহাদতে যমিন-আসমানের বাসিন্দাগণ রাগান্বিত হয়ে যাবে। পাশাপাশি সে ঈমানদারদের কাছেও সুপ্রিয় হবে। (চিন্তার বিষয়...)

উপরোক্ত বর্ণনায় রাসূলে কারীম সা. স্বীয় উম্মতকে এই বলে সান্ত্বনা দিচ্ছেন যে, যত প্রিয় ব্যক্তিত্বই শহীদ হয়ে যাক না কেন..!! জিহাদের মিশনকে ছেড়ে দিয়োনা! বরং স্বীয় মঞ্জিলের দিকে এগিয়ে যেতে থাকবে!! কেননা, বড় উদ্দেশ্য অর্জনের জন্য বড় ধরনের ত্যাগ দিতে হয়। ঐ মিশনকে মঞ্জিলে মকসুদে পৌছানোর জন্য আল্লাহ পাক মহামূল্যবাণ পদ্ধতি আমাদেরকে দান করেছেন। যে পদ্ধতি অনুসরণ করতে গিয়ে রাসূলে আরাবী সা. নিজের দন্ত মুবারক শহীদ করেছিলেন। প্রিয় সাথীদেরকে হারিয়েছিলেন।

মুজাহিদীনকে সবসময় স্মরণ রাখা চাই যে, যত বড় ব্যক্তিই-প্রিয় মানুষ শহীদ হয়ে যাক..!! অতি দ্রুত আপনি-ও তাদের সাথে গিয়ে মিলিত হবেন। অতপর স্বীয় প্রভূর সাথে সাক্ষাত..। জান্নাতী হুরদের

মজলিসে..। এগুলো তো সকল মুজাহিদীনের কাছেই প্রিয় বিষয়। সুতরাং কোন সময় টেনশন করতে নেই, বরং সবসময় স্বীয় মিশনে অটল থাকা চাই। তবে হ্যাঁ..! সবসময় এই দোয়া করা চাই- হে আল্লাহ!! আপনি আপনার প্রিয় ব্যক্তিদের উপর আপনার দুশমনদেরকে হাসিঠাট্টা করার সুযোগ দিয়েননা..!!! (আমীন)

রাসূলে কারীম সা.এর ভবিষ্যদ্বাণীসমূহ এবং মুসলমানদের দায়িত্ব...

মিসরের বাদশার দেখা স্বপ্নের ব্যাখ্যা যখন ইউসুফ আ. প্রদান করেছিলেন যে, তোমাদের উপর সাতটি বৎসর অত্যন্ত কঠিন ও দুর্ভিক্ষপূর্ণ হবে। সাথে সাথে তিনি ঐ সাত বৎসরের দুর্ভিক্ষ থেকে বাঁচার জন্য পদ্ধতিও বাতলে দিয়েছিলেন। ফলশ্রুতিতে বাদশাহ প্রজাকে ধ্বংসের হাত থেকে বাঁচাতে পেরেছিলেন। ঠিক তেমনি মুহাম্মাদে আরাবী সা.-ও চৌদ্দশত বৎসর পূর্বেই আমাদেরকে খবর দিয়েছেন যে, দেখো!! অমুক অমুক মুসলিম রাষ্ট্রের উপর এরকম এরকম পরিস্থিতি আসবে। তাই পূর্বেথেকেই তোমরা এর জন্য পদক্ষেপ গ্রহণ করে রেখো!!

